04. একটি টানা তার 100 কম্পাঙ্ক সৃষ্টি করতে পারে। ঐ একই তারে দ্বিগুন কম্পাঙ্ক সৃষ্টি করতে হবে তারে টানের পরিমাণ কত হওয়া উচিত? [PSTU:2014-15]

- A. চার গুণ B. ছয় গুণ C. দুই গুণ D. তিন গুণ

SOWHY $T_2 = n^2 T_1 = 2^2 T_1 = 4 T_1$

মাগুরা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. শব্দ যখন এক মাধ্যম থেকে অন্য মাধ্যমে প্রবেশ করে তখন কি অপরিবর্তিত থাকে? [MBSTU-A: 2019-20]

- A. তরঙ্গদৈর্ঘ্য B. বেগ C. কম্পাঙ্ক D. তরঙ্গদৈর্ঘ্য ও বেগ উভয়

SOWHY বেগ ও তরঙ্গদৈর্ঘ্য পরিবর্তিত হয় কম্পাঙ্ক পরিবর্তন হয় না।

02. কোন মাধ্যমে 480 Hz এবং 320 Hz কম্পাঙ্কের দুটি শব্দের তরঙ্গ দৈর্ঘ্যের পার্থক্য 2m হলে ঐ মাধ্যমে শব্দের বেগ হবে- [MBSTU-B: 2019-20]

- A. 1900 ms⁻¹ B. 1000 ms⁻¹ C. 1820 ms⁻¹ D. 1920 ms⁻¹

SOWHY Aspect Special Tricks: $v = f\lambda = \frac{\text{গুণফল}}{\text{বিয়োগফল}} \times \lambda$
 $= \frac{480 \times 320 \times 2}{160} = 1920 \text{ms}^{-1}$

03. একটি অগ্রগামী তরঙ্গের সমীকরণ $y = 10 \sin(200\pi t - 1.57x)$ । তরঙ্গটির কম্পাঙ্ক কত? [MBSTU-C: 2019-20]

- A. 100 Hz B. 200 Hz C. 50 Hz D. 150 Hz

SOWHY এখানে, $\omega = 200\pi \Rightarrow 2\pi f = 200\pi \Rightarrow f = \frac{200\pi}{2\pi} = 100 \text{Hz}$

04. একটি অগ্রগামী তরঙ্গের সমীকরণ $y = \sin 2\pi(vt-5)$ মিটার। তরঙ্গটির তরঙ্গ দৈর্ঘ্য কত? [MBSTU: 2015-16]

- A. 2মি B. 3মি C. 1মি D. 0.1মি

SOWHY $y = \sin \frac{2\pi}{\lambda} (vt - 5)$ তরঙ্গ দৈর্ঘ্য = 1m

05. কোন কক্ষে শব্দের তীব্রতা 10⁻⁸Wm⁻²। শব্দের তীব্রতা দশ গুণ হলে, তীব্রতা লেভেল কত হবে? [MBSTU: 2015-16]

- A. 40dB B. 50dB C. 44dB D. 500dB

SOWHY বর্তমান শব্দের তীব্রতা = 10⁻⁸ × 10¹ = 10⁻⁷
 \therefore শব্দের তীব্রতা লেভেল $\beta = 10(12 - 7) = 10 \times 5 = 50 \text{db}$

06. পানির ভিতর 5.8m তরঙ্গ দৈর্ঘ্যের তরঙ্গ সৃষ্টি হলো। পানিতে তরঙ্গের বেগ যদি 145.0 m/s হয়, তাহলে কম্পাঙ্ক কত? [MBSTU: 2015-16]

- A. 30Hz B. 40Hz C. 50Hz D. 25Hz

SOWHY $v = n\lambda$ বা $n = \frac{v}{\lambda} = \frac{145}{5.8} = 25$

07. টানা তারে অনুপ্রস্থ তরঙ্গের বেগ- [MBSTU: 2014-15]

- A. $V = TM$ B. $V = \frac{M}{T}$ C. $V = \frac{T}{M}$ D. $V = \sqrt{\frac{T}{M}}$

08. তীব্রতা (I) এবং বিস্তার A. হলে এদের মধ্যে সম্পর্ক: [MBSTU:2014-15]

- A. $I \propto a^2$ B. $I \propto a$ C. $a \propto I$ D. কোনোটিই নয়

09. l দৈর্ঘ্য বিশিষ্ট টানা তারের মূল সুরের তরঙ্গ দৈর্ঘ্য কত? [MBSTU: 2014-15]

- A. $\lambda_1 = \frac{1}{4}$ B. $\lambda_1 = \frac{1}{2}$ C. $\lambda_1 = l$ D. $\lambda_1 = 2l$

SOWHY $L = \frac{\lambda_1}{2}$ বা, $\lambda_1 = 2L$

10. এস.আই. পদ্ধতিতে তরঙ্গের তীব্রতার একক- [MBSTU: 2014-15]

- A. wm^2 B. $\text{m}^{-2}\text{s}^{-1}$ C. $\text{Jm}^{-2}\text{s}^{-1}$ D. Jm^2

11. শূন্য মাধ্যমে শব্দের বেগ কত? [MBSTU: 2014-15]

- A. 340ms⁻¹ B. 0ms⁻¹ C. 360ms⁻¹ D. 540ms⁻¹

অধ্যায় ০৩ তাপগতিবিদ্যা

STEP 01 SUGGESTION এ অধ্যায় থেকে ০২-০৩ টা প্রশ্ন আসতে পারে।

CONCEPT NO	বিগত বছরে যে সকল টপিকস্ থেকে প্রশ্ন এসেছে	গুরুত্ব
01	তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র এবং তাপমাত্রার ধারণা	-
02	তাপগতিবিদ্যার প্রথম সূত্র (জুল ও রুসিয়াসের মতবাদ, ১ম সূত্রের তাৎপর্য, বিভিন্ন বিজ্ঞানী এবং তাদের আবিষ্কার)	*
03	তাপগতীয় পরিবর্তন (সমচাপ, সমআয়তন, সমোষ্ণ এবং রুদ্ধতাপীয়)	**
04	C_p , C_v এবং R এর সম্পর্ক	**
05	তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র	-
06	তাপ ইঞ্জিন এবং কার্নোর চক্র	***
07	এনট্রপি	***
000	Concept ভিত্তিক গাণিতিক প্রয়োগ	*

THEORY

CONCEPT 01 তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র এবং তাপমাত্রার ধারণা

- তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র:
 - সূত্রের বিবৃতি: দুটি বস্তু যদি তৃতীয় কোন বস্তুর সাথে তাপীয় সাম্যাবস্থায় থাকে, তবে প্রথমোক্ত বস্তু দুটি পরস্পরের সাথে তাপীয় সাম্যাবস্থায় থাকবে।
 - প্রয়োগ: এই সূত্রের উপর ভিত্তি করে থার্মোমিটার তৈরী করা হয়েছে।
- তাপমাত্রার ধারণা:
 - উচ্চতর তাপমাত্রা বিকিরণ পাইরোমিটারে উত্তম বস্তুর বিকিরণ ধর্ম কাজে লাগিয়ে 500°C এর উর্ধ্বে তাপমাত্রা পরিমাপ করা হয়।
 - উষ্ণতামিতিক পদার্থ: যে সব পদার্থের উষ্ণতামিতিক ধর্ম ব্যবহার করে থার্মোমিটার তৈরী করা হয়।
 - তাপমাত্রা পরিমাপের যন্ত্র → থার্মোমিটার (Thermometer)
 - তাপ পরিমাপের যন্ত্র → ক্যালরিমিটার (Calorimeter)
- ত্রৈধবিন্দু: যে তাপমাত্রায় নির্দিষ্ট চাপে পানি কঠিন, তরল ও বাষ্পীয় অবস্থায় একই সাম্যাবস্থায় অবস্থান করে। ত্রৈধ বিন্দুর তাপমাত্রা $T_{tr} = 273.16\text{K}$ এবং ত্রৈধ বিন্দুতে পানির বাষ্প চাপ 4.58mm পারদ স্তম্ভের উচ্চতার সমান।

CONCEPT 02 তাপগতিবিদ্যার প্রথম সূত্র (জুল ও রুসিয়াসের মতবাদ, ১ম সূত্রের তাৎপর্য, বিভিন্ন বিজ্ঞানী এবং তাদের আবিষ্কার)

- তাপগতিবিদ্যার প্রথম সূত্র:
 - প্রদান করেন: জুল
 - সাধারণভাবে প্রকাশ করেন: রুসিয়াস
- জুলের মতবাদ:
 - বিজ্ঞানী জুল সর্ব প্রথম তাপ ও কাজের মধ্যে সম্পর্ক স্থাপন করেন। একে জুলের মতবাদ বলে।
 - জুলের মতবাদ: যখন কাজ সম্পূর্ণ ভাবে তাপে বা তাপ সম্পূর্ণ ভাবে কাজে রূপান্তরিত হয় তখন কাজ ও তাপ পরস্পরের সানুপাতিক হয়।
অর্থাৎ $W \propto H$
⇒ $W = JH$ তাপের যান্ত্রিক সমতা / জুল তুল্যাংক



$$J = \frac{W}{H}$$

- এস আই পদ্ধতিতে J এর একক নাই; W ও H উভয়েরই একক Joule
- ক্যালরি পদ্ধতিতে J এর একক JCal^{-1}
- রুসিয়াসের মতবাদ:
 - যখন কোন ব্যবস্থায় তাপ সরবরাহ করা হয় বা ব্যবস্থা কর্তৃক তাপ গৃহীত হয়, তখন তার কিয়দংশ অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি করতে অর্থাৎ তাপমাত্রা বৃদ্ধি করতে এবং অবশিষ্ট অংশ বাহ্যিক কাজ সম্পাদনে ব্যবহৃত হয়।
 - সূত্রের প্রকাশ: $dQ = dU + dW$ [$dQ =$ গৃহীত বা বর্জিত তাপ শক্তি; $dU =$ অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন; $dW = P\Delta V$ কৃত কাজ]

সিস্টেম তাপশক্তি গ্রহণে (+)	dQ	সিস্টেম তাপশক্তি বর্জনে (-)
অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধিতে (+)	dU	অভ্যন্তরীণ শক্তি হ্রাস পেলে (-)
সিস্টেম কাজ করলে/আয়তন বৃদ্ধি পেলে (+)	dW	সিস্টেমের উপর কাজ করা হলে/আয়তন হ্রাস পেলে (-)

CONCEPT 03 তাপগতীয় পরিবর্তন (সমচাপ, সমআয়তন, সমোষ্ণ এবং রুদ্ধতাপীয়)

- তাপগতীয় পরিবর্তন চার প্রকার:
 - সমচাপীয় পরিবর্তন → চাপ স্থির, $\Delta P = 0$
 - সমআয়তন পরিবর্তন → আয়তন স্থির, $\Delta V = 0$
 - সমোষ্ণ পরিবর্তন → উষ্ণতা/তাপমাত্রা স্থির, $\Delta T = 0$
 - রুদ্ধতাপীয় পরিবর্তন → তাপশক্তি স্থির, $\Delta Q = 0$
এনট্রপি স্থির, $\Delta S = 0$
- সমোষ্ণ পরিবর্তন: তাপমাত্রা স্থির থাকলে $V \propto \frac{1}{P}$ অর্থাৎ বয়েলের সূত্র মেনে চলে। ব্যস্তানুপাতিক সম্পর্ক সুতরাং লেখচিত্র Hyperbola/অধিবৃত্তাকার হবে।



- রুদ্ধতাপীয় পরিবর্তন: যে প্রক্রিয়ায় সিস্টেম তাপশক্তি গ্রহণ বা বর্জন করে না
 - Graph showing Adiabatic process: A curve labeled 'রুদ্ধতাপীয় রেখা' and a curve labeled 'সমোষ্ণ রেখা' are shown on a P-V graph.

সমোষ্ণ ও রুদ্ধতাপীয় প্রক্রিয়ার মধ্যে পার্থক্য:

সমোষ্ণ ($dT = 0$)	রুদ্ধতাপীয় ($dQ = 0$)
• তাপমাত্রা স্থির থাকে।	• তাপমাত্রা পরিবর্তন হয়।
• ধীর প্রক্রিয়া	• দ্রুত প্রক্রিয়া
• সুপরিবাহী পাত্র প্রয়োজন	• কুপরিবাহী পাত্র প্রয়োজন।
• তাপস্রাহীতা উচ্চ হতে হবে	• তাপস্রাহীতা নিম্ন হতে হবে
• $PV = \text{ধ্রুবক}$; বয়েলের সূত্র মেনে চলে।	• $PV^\gamma = \text{ধ্রুবক}$; বয়েলের সূত্র মেনে চলে না।
• লেখচিত্র কম খাড়া	• লেখচিত্র বেশি খাড়া

CONCEPT 04 C_p, C_v এবং R এর সম্পর্ক

$$\frac{C_p}{C_v} = \gamma, C_p - C_v = R, C_v = \frac{R}{\gamma - 1}, C_p = \frac{\gamma R}{\gamma - 1}$$

একপারমাণুক	দ্বি-পরমাণুক	বহুপরমাণুক
$\gamma = 1.67 = \frac{5}{3}$	$\gamma = 1.4 = \frac{7}{5}$	$\gamma = 1.33 = \frac{4}{3}$
$C_p = \frac{5R}{2}; C_v = \frac{3R}{2}$	$C_p = \frac{7R}{2}; C_v = \frac{5R}{2}$	$C_p = 4R; C_v = 3R$

- * বাস্তব গ্যাস সমূহ শুধুমাত্র উচ্চ তাপমাত্রায় ও নিম্ন চাপে আদর্শ গ্যাসের ন্যায় আচরণ করে।
- * গ্যাসের মোলার আপেক্ষিক তাপ ২ প্রকার: (১) স্থির চাপে মোলার আপেক্ষিক তাপ; (২) স্থির আয়তনে মোলার আপেক্ষিক তাপ।
- * মেয়ারের প্রকল্প: "কোন নির্দিষ্ট পরিমাণ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি শুধুমাত্র এর তাপমাত্রার উপর নির্ভর করে, চাপ বা আয়তনের উপর নয়।"

CONCEPT 05 তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র

- 1854 সালে রুসিয়াস তাপগতি বিদ্যার দ্বিতীয় সূত্রের প্রস্তাবনা করেন।
- ২য় সূত্রের ভিত্তি (সাদি কার্নোর সিদ্ধান্ত): তাপশক্তিকে কখনোই সম্পূর্ণরূপে কাজে পরিনত করা যায় না।
- রুসিয়াসের মতে, "বাইরের কোন শক্তির সাহায্য ছাড়া, কোন স্বয়ংক্রিয় যন্ত্রের পক্ষে নিম্ন তাপমাত্রায় কোন বস্তু হতে, উচ্চ তাপমাত্রার বস্তুতে তাপের স্থানান্তর সম্ভব নয়।"
- কেলভিনের মতে, "কোন বস্তুকে তার পারিপার্শ্বের শীতলতম অংশ হতে অধিকতর শীতল করে শক্তির অবিরাম সরবরাহ পাওয়া সম্ভব নয়।"
- প্রাংক এর মতে, "কোন তাপ উৎস হতে অনবরত তাপ শোষণ করবে এবং তা সম্পূর্ণ কাজে পরিনত হবে, এরূপ একটি তাপ ইঞ্জিন তৈরী করা সম্ভব নয়।"
- কার্নোর মতে, "কোন নির্দিষ্ট পরিমাণ তাপশক্তি সম্পূর্ণভাবে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করার মত যন্ত্র তৈরী সম্ভব নয়।"
- প্রত্যাবর্তী প্রক্রিয়া (Reversible Process): যে প্রক্রিয়া বিপরীত মুখী হয়ে প্রত্যাবর্তন করে এবং সম্মুখবর্তী ও বিপরীত মুখী প্রক্রিয়ার প্রতি স্তরে তাপ ও কাজের ফলাফল সমান ও বিপরীত হয়। উদাহরণ: পানি \rightleftharpoons বরফ
- অপ্রত্যাবর্তী প্রক্রিয়া (Irreversible process): যে প্রক্রিয়া সম্মুখগামী হওয়ার পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে না, তাকে অপ্রত্যাবর্তী প্রক্রিয়া বলে। উদাহরণ: ঘর্ষণের ফলে যে তাপ উৎপন্ন হয়।

CONCEPT 06 তাপ ইঞ্জিন এবং কার্নোর চক্র

- তাপীয়/তাপ ইঞ্জিন ও ইঞ্জিনের দক্ষতা:
 - তাপ ইঞ্জিন: যে যান্ত্রিক ব্যবস্থা তাপ শক্তিকে যান্ত্রিক শক্তিতে পরিণত করে তাকে তাপ ইঞ্জিন বলা হয়।
- তাপ উৎস \rightarrow ইঞ্জিন তাপকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে \rightarrow তাপ নির্গমন
- বহিঃসর্গ ইঞ্জিন: বাষ্প ইঞ্জিন ($\eta = 12\%$ থেকে 16%)
 - অন্তঃসর্গ ইঞ্জিন: পেট্রোল ইঞ্জিন ($\eta = 26\%$)

- ইঞ্জিনের দক্ষতা হিসাব থেকে লক্ষ করা যায় যে, উহা কেবল তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রা $T_1 - T_2$ এর উপর নির্ভর করে- কার্যনির্বাহক বস্তুর প্রকৃতির ওপর নির্ভর করে না।
- যে কোনো দুটি নির্দিষ্ট তাপমাত্রার মধ্যে কার্যরত সকল প্রত্যাবর্তী ইঞ্জিনের কর্মদক্ষতা সমান হয়।
- যেহেতু $T_1 > (T_1 - T_2)$, কাজেই ইঞ্জিনের দক্ষতা কখনোই 100% হতে পারে না।
- তাপ উৎস ও তাপগ্রাহকের মধ্যবর্তী তাপমাত্রার মধ্যে পার্থক্য যত বেশি হবে ইঞ্জিনের দক্ষতাও তত বেশি হবে।
- কার্নো চক্র একটি প্রত্যাবর্তী চক্র।

CONCEPT 07 এন্ট্রপি

- এন্ট্রপি: রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় বস্তুর যে তাপীয় ধর্ম স্থির থাকে তাকে এন্ট্রপি বলে।
- * এন্ট্রপি হচ্ছে শক্তির সেই রূপ যাকে আর কখনো কাজে রূপান্তর করা যাবে না।
- প্রত্যাবর্তী প্রক্রিয়ায় যে কোন সংস্থার এন্ট্রপি স্থির থাকে। ($\Delta S = 0$)
- অপ্রত্যাবর্তী প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায়। ($\Delta S = +ve$)
- সাম্যাবস্থায় এন্ট্রপির মান সর্বোচ্চ
- ক্রম: প্রাজমা $>$ গ্যাসীয় $>$ তরল $>$ কঠিন • একক JK^{-1}
- তাৎপর্য:
 - এন্ট্রপির পরিবর্তন সর্বদা ধনাত্মক এবং সাম্যাবস্থায় এন্ট্রপি সর্বোচ্চ হয়। এন্ট্রপি হচ্ছে সিস্টেমের বিশৃঙ্খলতার মাপকাঠি।
 - শক্তি রূপান্তরের অক্ষমতাই এন্ট্রপি এবং এন্ট্রপি বৃদ্ধি পেলে বস্তুর স্থিতিশীলতাস্রাস পায়।
 - তাপীয় মৃত্যু: জগতে এন্ট্রপি ক্রমাগত বাড়েছে। জগতের এন্ট্রপি যখন সর্বোচ্চে পৌঁছাবে তখন সব কিছুই তাপমাত্রা এক হয়ে যাবে। ফলে তাপশক্তিকে আর যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করা যাবে না। এই অবস্থাকে কেলভিন জগতের তাপীয় মৃত্যু নামে অভিহিত করেন।

➢ স্থির তাপমাত্রায় এন্ট্রপির পরিবর্তন, $ds = \frac{mL}{T} = \frac{mL}{T} = \frac{mL}{T}$

বরফ গলনের আপেক্ষিক সূক্ত তাপ = 336000 Jkg^{-1}

পানির বাষ্পীভবনের আপেক্ষিক সূক্ত তাপ = 2268000 Jkg^{-1}

➢ পরিবর্তিত তাপমাত্রায় এন্ট্রপির পরিবর্তন $ds = ms \ln \left(\frac{T_2}{T_1} \right)$

$T_2 =$ শেষ তাপমাত্রা; $T_1 =$ আদি তাপমাত্রা।

→ বরফ = $2100 \text{ J kg}^{-1}K^{-1}$

S = আপেক্ষিক তাপ → পানি = $4200 \text{ J kg}^{-1}K^{-1}$

→ বাষ্প = $2000 \text{ J kg}^{-1}K^{-1}$

STEP 02 DISCUSSION Concept ভিত্তিক গাণিতিক প্রয়োগ

CONCEPT 01 তাপমাত্রার বিভিন্ন স্কেল ও ত্রুটিপূর্ণ থার্মোমিটার সংক্রান্ত

সূত্র 01 $\theta = \frac{X_0 - X_{ice}}{X_{steam} - X_{ice}} \times 180 + 32^\circ F$

MEx 01 একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটারের বরফ বিন্দু $5^\circ C$ এবং সীম বিন্দু $99^\circ C$ । যখন এ থার্মোমিটারে $52^\circ C$ প্রদর্শন করে তখন ফারেনহাইট স্কেলে তাপমাত্রা কত?

Solve $\theta = \frac{X_0 - X_{ice}}{X_{steam} - X_{ice}} \times 180 + 32^\circ F = \frac{52 - 5}{99 - 5} \times 180 + 32$
 $= 90 + 32 = 122^\circ F$

সূত্র 02 $\theta_c = \frac{X_0 - X_{ice}}{X_{steam} - X_{ice}} \times 100^\circ C$

MEx 01 একটি রোধ-থার্মোমিটারের রোধ $0^\circ C$ তাপমাত্রায় 8Ω এবং $100^\circ C$ তাপমাত্রায় 20Ω । থার্মোমিটারটিকে একটি চুল্লিতে স্থাপন করলে রোধ 32Ω হয়। চুল্লির তাপমাত্রা কত?

Solve $\theta_c = \frac{R_0 - R_0}{R_{100} - R_0} \times 100 = \frac{32 - 8}{20 - 8} \times 100 = \frac{24}{12} \times 100 = 200^\circ C$

সূত্র 03 $\frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273}{5} = \frac{R_m-492}{9} = \frac{R_m}{4}$

MEx 01 ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের দ্বিগুণ?

Solve ধরি, $C = x \therefore F = 2x \therefore \frac{x}{5} = \frac{2x-32}{9}$
 $\Rightarrow x = 160^\circ\text{C} \therefore F = 2x = 320^\circ\text{F}$

MEx 02 কোন তাপমাত্রায় কেলভিন এবং ফারেনহাইট স্কেলে একই পাঠ পাওয়া যাবে?

Solve ফারেনহাইট ও কেলভিন স্কেলের একই পাঠ পাওয়া যায় 574.25K বা 574.25°F (নির্দিষ্টমান)। [ফারেনহাইট ও সেন্টিগ্রেডে সমান -40° তে]

সূত্র 04 পার্থক্যের স্কেল: $\frac{\Delta C}{5} = \frac{\Delta F}{9} = \frac{\Delta K}{5}$ ($1^\circ\text{C} = 1\text{K} = 1.8^\circ\text{F}$)

MEx 01 সেন্টিগ্রেড স্কেলের তাপমাত্রার পার্থক্য 35°C হলে ফারেনহাইট স্কেলে তাপমাত্রার পার্থক্য কত?

Solve $\frac{\Delta C}{5} = \frac{\Delta F}{9} \Rightarrow \Delta F = \frac{9 \times 35}{5} = 63^\circ\text{F}$

CONCEPT 02 গৃহীত ও বর্জিত তাপ নির্ণয় সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র $dQ = dU + dW$ [$dW = PdV$]

MEx 01 কোন সংস্থা পরিবেশ থেকে 800J তাপশক্তি শোষণ করায় এর অন্তস্থ শক্তি 500J বৃদ্ধি পেল। সংস্থা কর্তৃক পরিবেশের উপর সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয় কর।

Solve $dQ = dU + dW$ বা, $800 = dU + 500$ বা, $dW = 300\text{J}$

MEx 02 পিষ্টনযুক্ত একটি সিলিন্ডারে কিছু গ্যাস আবদ্ধ আছে। গ্যাসের চাপ 400 Pa স্থির রেখে সিস্টেমে ধীরে ধীরে 800 J তাপশক্তি সরবরাহ করা হল এবং 1200 J কাজ সম্পাদিত হয়। গ্যাসের আয়তন ও অন্তস্থ শক্তির পরিবর্তন নির্ণয় কর।

Solve $dQ = dW + dU \Rightarrow dU = dQ - dW = 800 - 1200 = -400\text{J}$;

$dW = PdV \Rightarrow dV = \frac{dW}{P} = \frac{1200}{400} = 3\text{m}^3$

CONCEPT 03 শক্তির রূপান্তর সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র 01 $H = ml_r$

MEx 01 1kg বরফ গলাতে কি পরিমাণ তাপের প্রয়োজন?

Solve $H = ml_r = 1 \times 3.36 \times 10^5 = 3.36 \times 10^5\text{ J}$

সূত্র 02 $H = ml_v$

MEx 01 1kg পানি বাষ্পে পরিণত করতে কি পরিমাণ তাপের প্রয়োজন?

Solve $H = ml_v = 1 \times 2.26 \times 10^6 = 2.26 \times 10^6\text{ J}$

সূত্র 03 $W = JH$

MEx 01 2 ক্যালরি তাপকে সম্পূর্ণরূপে কাজে রূপান্তরিত করলে কাজের পরিমাণ কত?

Solve $W = JH = 4.2 \times 2$ [$\therefore 1\text{ ক্যালরি} = 4.2\text{ জুল}$] = 8.4J

সূত্র 04 $mgh = ms\Delta\theta$

MEx 01 4200 m উঁচু একটি জলপ্রপাতের শীর্ষদেশ ও তলদেশের তাপমাত্রার পার্থক্য কত?

Solve $mgh = ms\Delta\theta$
 $\Rightarrow \Delta\theta = \frac{gh}{s} = \frac{9.8 \times 4200}{4200} = 9.8^\circ\text{C} = 9.8\text{ K}$

[পার্থক্যের স্কেলে সেলসিয়াস ও কেলভিন স্কেলের একই মান]

সূত্র 05 $mgh = ml_r$

$h =$ যে উচ্চতা থেকে বরফ পড়ছে।

(i) সম্পূর্ণ বা 100% গলে গেলে, $mgh = mL_r \Rightarrow h = \frac{L_r}{g}$

(ii) আংশিক বা $x\%$ গলে গেলে, $mgh = (m \text{ এর } x\%) L_r$

$\Rightarrow gh = \frac{x}{100} L_r \Rightarrow h = \frac{L_r}{g} \times \frac{x}{100}$

MEx 01 কত উচ্চতা হতে পড়তে দিলে বরফের 1% গলে যাবে? [$g = 10\text{ms}^{-2}$]

Solve $mgh = ml_r$ এর 1%
 $\Rightarrow h = \frac{l_r}{g} \times \frac{1}{100} = \frac{3.36 \times 10^5}{10} \times \frac{1}{100} = 336\text{m}$

সূত্র 06 $\frac{1}{2}mv^2 = ms\Delta\theta$

MEx 01 5gm ভরের বুলেট কোন দেয়ালে বাধা প্রাপ্ত হলে তার তাপমাত্রা বৃদ্ধি 160K হয়। কোনভাবে তাপ নষ্ট না হলে বুলেটের বেগ কত ছিল?

[$S = 125\text{Jkg}^{-1}\text{K}^{-1}$]

Solve $\frac{1}{2}mv^2 = ms\Delta\theta$
 $\Rightarrow v = \sqrt{2s\Delta\theta} = \sqrt{2 \times 125 \times 160}$
 $= \sqrt{2500 \times 16} = 50 \times 4 = 200\text{ms}^{-1}$

CONCEPT 04 ইঞ্জিনের দক্ষতা ও রেফ্রিজারেটর সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র 01 $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\%$

MEx 01 একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা 60% । যদি তাপ উৎসের তাপমাত্রা 450K তবে তাপ গ্রাহকের তাপমাত্রা কত?

Solve $T_2 = (1 - \eta)T_1 \Rightarrow T_2 = (1 - 0.6) \times 450 = 180\text{K}$

MEx 02 একটি কার্নো ইঞ্জিন 127°C এবং 27°C তাপমাত্রায় কাজ করছে। এর কর্ম দক্ষতা কত?

Solve ইঞ্জিনের দক্ষতা, $\eta = \left(1 - \frac{T_2}{T_1}\right) \times 100\% = \left(1 - \frac{27 + 273}{127 + 273}\right) \times 100\% = 25\%$

সূত্র 02 $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\%$

MEx 01 একটি কার্নো ইঞ্জিন 500 K তাপমাত্রার তাপ উৎস হতে 1250 J তাপ গ্রহণ করে এবং তাপ গ্রাহকে 700 J তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা নির্ণয় কর।

Solve ইঞ্জিনের দক্ষতা,
 $\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\% = \left(1 - \frac{700}{1250}\right) \times 100\% = 44\%$

সূত্র 03 $\Delta T = \frac{\Delta\eta T_2}{(1 - \eta_1)(1 - \eta_2)}$

MEx 01 একটি কার্নো ইঞ্জিন যখন 27°C উষ্ণতার তাপগ্রাহকে থাকে তখন কর্মদক্ষতা 50% । একে 60% দক্ষ করতে হলে এর উষ্ণ তাপমাত্রার কি পরিবর্তন আনতে হবে।

Solve $\Delta T = \frac{\Delta\eta T_2}{(1 - \eta_1)(1 - \eta_2)} = \frac{0.10 \times 300}{(1 - 0.5)(1 - 0.6)} = 150\text{K}$

সূত্র 04 প্রত্যগামী প্রক্রিয়ার এন্ট্রপির পরিবর্তন শূন্য অর্থাৎ $\frac{T_2}{T_1} = \frac{Q_2}{Q_1}$

MEx 01 একটি তাপ ইঞ্জিনের কার্যকর বস্তুর 400K তাপমাত্রার উৎস হতে 840J তাপ গ্রহণ করে শীতল আধারে 420J তাপ বর্জন করে। শীতল আধারের তাপমাত্রা-

Solve $\frac{Q_1}{Q_2} = \frac{T_1}{T_2}$ বা, $\frac{840}{420} = \frac{400}{T_2}$ বা, $\frac{2}{1} = \frac{400}{T_2}$ বা, $T_2 = 200\text{K}$

সূত্র 05 রেফ্রিজারেটরের কার্যকৃত সহগ, $k = \frac{Q_1}{Q_2 - Q_1}$

MEx 01 একটি রেফ্রিজারেটরের কার্যসম্পাদন সহগ 2 । এটি শীতল তাপধারক হতে প্রতি চক্রে 250J তাপ গ্রহণ করে। রেফ্রিজারেটরটি প্রতি চক্রে কি পরিমাণ তাপ উচ্চ তাপাধারে বর্জন করবে?

Solve $k = \frac{Q_1}{Q_2 - Q_1} \Rightarrow 2 = \frac{250}{Q_2 - 250}$
 $\Rightarrow Q_2 - 250 = 125 \therefore Q_2 = 375\text{J}$

CONCEPT 05 এন্ট্রপির পরিবর্তন সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র 01 $dS = \frac{dQ}{T} = \frac{mL}{T}$ [বরফ গলনের ক্ষেত্রে অর্থাৎ $0^\circ \rightarrow 0^\circ$]

MEx 01 0°C তাপমাত্রার 273 kg বরফকে 0°C তাপমাত্রার পানিতে রূপান্তর করা হলে এন্ট্রপির পরিবর্তন কত হবে? বরফ গলনের আপেক্ষিক সুগুতাংশ হলো $3.36 \times 10^5 \text{ J/kg}$

Solve এন্ট্রপির পরিবর্তন,

$$dS = \frac{dQ}{T} = \frac{mL_f}{T} = \frac{273 \times 3.36 \times 10^5}{273} = 3.36 \times 10^5 \text{ J/K}$$

সূত্র 02 $dS = \frac{ml}{T}$ [বাষ্পীভবনের ক্ষেত্রে অর্থাৎ $100^\circ \rightarrow 100^\circ$]

MEx 01 100°C তাপমাত্রার 373 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্পে পরিণত করা হলে এন্ট্রপির পরিবর্তন হবে [পানির বাষ্পীভবনের সুগুতাংশ $= 2.26 \times 10^6 \text{ J/kg}$]

Solve এন্ট্রপির পরিবর্তন, $dS = \frac{dQ}{T} = \frac{mL_v}{T} = \frac{373 \times 2.26 \times 10^6}{373} = 2.26 \times 10^6 \text{ J/K}$

CONCEPT 06 সমোষ্ণ ও রুদ্ধ তাপীয় প্রক্রিয়া সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র 01 সমোষ্ণ প্রক্রিয়া, $P_1V_1 = P_2V_2$; $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$; $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$

MEx 01 স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু গুহ বায়ুকে সমোষ্ণ প্রক্রিয়ায় দ্বিগুণ আয়তনে প্রসারিত করা হলো। চূড়ান্ত চাপ কত?

Solve $P_1V_1 = P_2V_2$

$$\therefore \text{চূড়ান্ত চাপ, } P_2 = \left(\frac{V_1}{V_2}\right) \times P_1 = \left(\frac{V_1}{2V_1}\right) \times (1.013 \times 10^5) = 5.065 \times 10^4 \text{ Nm}^{-2}$$

সূত্র 02 রুদ্ধ তাপীয় প্রক্রিয়া, $P_1V_1^\gamma = P_2V_2^\gamma$;

$$T_1^\gamma P_1^{1-\gamma} = T_2^\gamma P_2^{1-\gamma}; T_1V_1^{\gamma-1} = T_2V_2^{\gamma-1}$$

[এক পরমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.66$; দ্বিপরমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.41$; বহু পরমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.33$]

MEx 01 বায়ুকে রুদ্ধতাপে প্রসারিত করে এর আয়তন দ্বিগুণ করা হলো। যদি প্রাথমিক চাপ 1 বায়ুমণ্ডলীয় চাপ হয় তাহলে, চূড়ান্ত চাপ কত হবে?

Solve $P_1V_1^\gamma = P_2V_2^\gamma$; \therefore চূড়ান্ত চাপ, $P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma \times P_1 = \left(\frac{1}{2}\right)^{1.4} \times 1 = 0.3789 \text{ বায়ুমণ্ডলীয় চাপ/atm}$

সূত্র 03 $C_p - C_v = R$; $\frac{C_p}{C_v} = \gamma$ [$C_p > C_v$]; $C_v = \frac{R}{\gamma - 1}$, $C_p = \frac{\gamma R}{\gamma - 1}$

MEx 01 এক পরমাণুকের ক্ষেত্রে C_p ও C_v এর মান কত?

Solve এক পরমাণুকে, $\gamma = 1.67 = \frac{5}{3}$ $\therefore C_p = \frac{5}{2} \times R$

[যখন লব ও হর পরপর ক্রমিক নয় $R = 8.314$] $C_v = \frac{\text{হর}}{2} \times R = \frac{3R}{2}$

MEx 02 $\gamma = 1.5$ হলে C_p ও C_v এর মান কত?

Solve $\gamma = 1.5 = \frac{3}{2}$ $\therefore C_p = \text{লব} \times R = 3R$; $C_v = \text{হর} \times R = 2R$

[যখন লব ও হর পরপর ক্রমিক $R = 8.314 \text{ Jmol}^{-1}\text{K}^{-1}$]

CONCEPT 07 স্টিফানের ও ভীনের সূত্র সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র 01 ভীনের সূত্র: $\lambda_m \times T = b$ [$\lambda_m =$ তরঙ্গদৈর্ঘ্য;

$T =$ গুঠের তাপমাত্রা; $b =$ ভীনের ধ্রুবক $= 2.9 \times 10^{-3} \text{ mK}$]

MEx 01 সূর্যপৃষ্ঠ হতে বিকিরণ নিঃসরণের সময় যে তরঙ্গদৈর্ঘ্যের সর্বোচ্চ বিকিরণ হয় তা 500 nm হলে সূর্যপৃষ্ঠের তাপমাত্রা কত?

Solve ভীনের সূত্র হতে পাই, $\lambda_m \times T = b$

$$T = \frac{b}{\lambda_m} = \frac{2.9 \times 10^{-3}}{500 \times 10^{-9}} = \frac{29 \times 10^3}{5} \quad \therefore T = 5800 \text{ K}$$

[এখানে, ভীনের ধ্রুবক, $b = 2.9 \times 10^{-3} \text{ mK}$; $\lambda_m = 500 \times 10^{-9} \text{ m}$]

Aspect Special: সূর্যের গুঠের তাপমাত্রা ফিল্ড 5800K তাই এটি সঠিক রাখলে অংক করার প্রয়োজন নেই।

সূত্র 02 স্টিফানের সূত্র, কৃষ্ণবস্তুর বিকিরণ, $E \propto T^4$

MEx 01 কৃষ্ণবস্তুর তাপমাত্রা 2গুণ বৃদ্ধি করলে বিকিরণ হার কতগুণ বৃদ্ধি পাবে?

Solve $E \propto T^4$ $\therefore E_2 = 2^4 E_1 = 16 E_1$

$$\therefore \Delta E = E_2 - E_1 = 15 E_1 \text{ (15 গুণ)}$$

STEP 03 বিভিত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যামোলে তথ্যসহ সমাধান**STEP 01** ANALYSIS OF GST QUESTION

01. যদি 30°C তাপমাত্রা ও $6 \times 10^5 \text{ Pa}$ চাপের একটি গ্যাসকে সমোষ্ণ প্রক্রিয়ায় তিনগুণ আয়তনে প্রসারিত করা হয়, তবে গ্যাসটির চূড়ান্ত চাপ কত Pa?

[GST-A. 2022-2023]

- A. 2×10^5 B. 2.5×10^5
C. 3×10^5 D. 4.5×10^5

S(Why) সমোষ্ণ প্রক্রিয়া বয়লের সূত্র মেনে

চলে, $P_1V_1 = P_2V_2$

এখানে, $V_2 = 3V_1$

$$\therefore P_2 = \frac{P_1V_1}{3V_1} = \frac{6 \times 10^5 \times V_1}{3V_1} = 2 \times 10^5 \text{ Pa}$$

02. সম-আয়তন প্রক্রিয়ায় সিস্টেম কর্তৃক গৃহীত তাপ Q হলে অন্তঃস্থ শক্তির বৃদ্ধি পরিমাণ হবে—

[GST-A. 2022-2023]

- A. $-Q$ B. 0
C. Q D. $2Q$

S(Why) তাপগতিবিদ্যার 1ম সূত্র—

[সম আয়তন প্রক্রিয়ায়, $\Delta V = 0$]

$$\Delta Q = \Delta U + \Delta W \therefore \Delta Q = \Delta U$$

$$\therefore \Delta W = P \cdot \Delta V = 0$$

\therefore অন্তঃস্থ শক্তি বৃদ্ধি, গৃহীত তাপের সমান।

03. তাপগতিবিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্রের সমন্বিত সমীকরণ কোনটি?

[GST-A. 2021-2022]

- A. $TdS = dU - VdP$ B. $TdS = dU - PdV$
C. $TdS = dU + VdP$ D. $TdS = dU + PdV$

S(Why) 1ম সূত্র: $dQ = dU + PdV$ এবং 2য় সূত্র: $dQ = TdS$

$$\therefore TdS = dU + PdV$$

04. একটি কার্নো চক্রে সমতাপীয় ও রুদ্ধতাপীয় প্রক্রিয়ার সংখ্যা যথাক্রমে কোনটি?

[GST-A. 2021-2022]

- A. 1, 2 B. 3, 1 C. 1, 1
D. 2, 2

S(Why) সমতাপীয়/সমোষ্ণ: সংকোচন, প্রসারণ

রুদ্ধতাপীয় : সংকোচন, প্রসারণ।

05. কোন অবস্থায় একটি বস্তুর এন্ট্রপি সবচেয়ে কম থাকে?

[GST-A. 2021-2022]

- A. বায়বীয় B. ভরল C. কঠিন D. প্রাজমা

S(Why) কঠিন অবস্থায় এন্ট্রপি সবচেয়ে কম।

আর প্রাজমা অবস্থায় এন্ট্রপি থাকে সবচেয়ে বেশি।

06. একটি কার্নো ইঞ্জিনের তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রা যথাক্রমে 327°C ও 127°C । ইঞ্জিনটি তাপ উৎস থেকে 4500 J তাপ গ্রহণ করে কিছু জাপ কাজে রূপান্তরিত করে এবং অবশিষ্ট তাপ গ্রাহকে বর্জন করে। বর্জিত তাপের পরিমাণ কত জুল (J)।

[GST-A. 20-21]

- A. 1500 B. 2000 C. 2500 D. 3000

S(Why) $Q_2 = \frac{T_2}{T_1} \times Q_1 = \frac{400}{600} \times 4500 = 3000 \text{ J}$

PART A ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. প্রত্যাবর্তী প্রক্রিয়ায় (reversible process) এন্ট্রপির পরিবর্তনের (Δs) জন্য কোনটি সত্য? [JnU: 2017-18]

- A. $\Delta s > 0$ B. $\Delta s < 0$ C. $\Delta s = 0$ D. $\Delta s \geq 0$

SOWHY রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় তাপের আদান প্রদান হয় না বলে এন্ট্রপির পরিবর্তন $ds = 0$ । রুদ্ধতাপীয় প্রক্রিয়া একটি প্রত্যাগামী প্রক্রিয়া। অপ্রত্যাগামী প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায়।

02. ধীরে ধীরে সংঘটিত সমোষ্ণ ও রুদ্ধতাপীয় (adiabatic) পরিবর্তনে এন্ট্রপির পরিবর্তন (Δs) কত? [JnU: 2017-18]

- A. $\Delta s = 0$ B. $\Delta s > 0$ C. $\Delta s < 0$ D. উপরের সবগুলো

SOWHY ধীরে ধীরে সংঘটিত "সমোষ্ণ" ও "রুদ্ধতাপীয় পরিবর্তন" প্রত্যাগামী প্রক্রিয়া। তাই এন্ট্রপির পরিবর্তন $ds = 0$ ।

03. $PV^\gamma = \text{ধ্রুবক}$ সমীকরণে দ্বিপরিমাণুক (diatomic) গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত? [JnU: 2015-16]

- A. 1.20 B. 1.40 C. 1.33 D. কোনটিই নয়

SOWHY সমোষ্ণ পরিবর্তনে γ এর মান=1; সমআয়তন পরিবর্তনে সমোষ্ণ পরিবর্তনে γ এর মান= ∞ ; সমচাপ পরিবর্তনে γ এর মান=0; (রুদ্ধতাপীয় পরিবর্তনে, এক পরমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.66$; দ্বিপরিমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.41$; ত্রি পরমাণুক গ্যাসের জন্য $\gamma = 1.33$)

04. রুদ্ধতাপীয় (Adiabatic) প্রক্রিয়ায় এন্ট্রপি (Entropy) [JnU: 2014-15]

- A. বৃদ্ধি পায় B. কমে যায়
C. কোন পরিবর্তন হয় না D. কোনটিই নয়

Ans C

05. একটি কার্নোর ইঞ্জিন (Carnot's engine) 327°C ও 27°C তাপমাত্রায় কাজ করে। এর কর্মদক্ষতা (efficiency) কত? [JnU: 2014-15]

- A. 50% B. 0% C. 100% D. 92%

SOWHY $\eta = \frac{327 - 27}{600} \times 100\% = \frac{300}{600} \times 100\% = 50\%$

06. এন্ট্রপি (Entropy) এর একক কোনটি? [JnU: 13-14, PSTU: 2015-16]

- A. মিটার/কিলোগ্রাম B. K^{-1} C. JK^{-1} D. molK^{-1}

Ans C

07. থার্মিস্টর কোন ধরণের পদার্থ দিয়ে তৈরি হয়? [JnU: 2013-14]

- A. পরিবাহী B. কুপরিবাহী C. অর্ধপরিবাহী D. কোনটিই নয়

Ans C

08. যদি একটি সিস্টেম T পরম তাপমাত্রায় dQ পরিমাণ তাপ গ্রহণ বা বর্জন করে তবে এন্ট্রপির পরিবর্তন ds ঘারা প্রকাশ করা হয়- [JnU: 2012-13]

- A. $dS = \frac{dQ}{H}$ B. $dS = \frac{dQ}{dT}$

- C. $dS = \frac{dQ}{T}$ D. $dS = \frac{T}{dQ}$

Ans C

09. একটি রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় পরিবেশের তাপমাত্রা বৃদ্ধি পেলে সিস্টেমের অণুর গতিশক্তি- [JnU: 2011-12]

- A. বৃদ্ধি পায় B. হ্রাস পায় C. সমান থাকে D. শূন্য হয়

Ans A

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

01. তাপগতিবিদ্যার কোন সূত্রকে ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়? [CoU: 2019-20; PSTU: 2017-18]

- A. শূন্যতম B. প্রথম C. দ্বিতীয় D. তৃতীয়

SOWHY তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রের উপর ভিত্তি করে থার্মোমিটার তৈরি করা হয়। শূন্যতম সূত্রটি হলো- দুটি বস্তু যদি তৃতীয় কোনো বস্তুর সাথে তাপীয় সমতায় থাকে তবে প্রথমোক্ত বস্তু দুটি পরস্পরের সাথে তাপীয় সমতায় থাকবে।

02. কাজ পেতে হলে অবশ্যই তাপ সরবরাহ করতে হবে-এটি পাওয়া যায়- [CoU: 2016-17]

- A. তাপগতিবিদ্যার 1ম সূত্র হতে B. তাপগতিবিদ্যার ২য় সূত্র হতে
C. তাপগতিবিদ্যার ৩য় সূত্র হতে D. জুলের সূত্র হতে

Ans A

03. একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা 60%। যদি উষ্ণের তাপমাত্রা 400K হয়, গ্রাহকে তাপমাত্রা কত? [CoU: 2014-15]

- A. 110K B. 120K C. 130K D. 160K

SOWHY গ্রাহকের তাপমাত্রা = $(1 - \eta)T_1 = (1 - 0.6)400 = 160\text{K}$

04. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় কত চাপ প্রয়োগ করলে নিম্নের কোন সমীকরণটি শুদ্ধ- [CoU: 2012-13]

- A. $\Delta Q = 0$ B. $\Delta T = 0$ C. A ও B D. কোনটিই নয়

Ans A

খুলনা বিশ্ববিদ্যালয়

01. একখণ্ড বরফ উপর থেকে ভূমিতে পতিত হলো। এতে পতন শক্তির 50% তাপে রূপান্তরিত হওয়ায় বরফ খণ্ডটির এক-চতুর্থাংশ গলে গেল। খণ্ডটি কত km উচ্চতা হতে পতিত হয়েছিল? [KU: 2018-19]

- A. 1.714 B. 8.57 C. 17.14 D. 34.28

SOWHY $0.5 \times mgh = \frac{1}{4} \times mL_f \Rightarrow 0.5 \times 9.8 \times h = \frac{1}{4} \times 336000$
 $\therefore h = 17140\text{m} = 17.14\text{km}$

02. একটি গাড়ি চলতে থাকলে তার টায়ারের ভিতর কিছু তাপগতীয় প্রক্রিয়া চলে। এরই প্রক্রিয়াটি হল- [KU: 2018-19, 2007-08; JUST: 2018-19]

- A. সমোষ্ণ প্রক্রিয়া (Isothermal process)
B. রুদ্ধ তাপীয় প্রক্রিয়া (Adiabatic process)
C. ধ্রুব-আয়তন প্রক্রিয়া (Isochoric process)
D. ধ্রুব চাপ প্রক্রিয়া (Isobaric process)

Ans C

03. কত কেলভিন তাপমাত্রায় অর্ধপরিবাহী অস্তরক হিসাবে কাজ করে? [KU: 2018-19]

- A. -273 B. 0 C. 100 D. 273

Ans B

04. $\gamma = 1.67$ হলে গ্যাসটির অণু কত পারমাণবিক হবে? [KU: 2017-18]

- A. এক B. দুই C. ত্রি D. বহু

Ans A

05. তাপবিদ্যার প্রথম সূত্র নীচের কোন দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে? [KU: 17-18]

- A. তাপ ও কাজ B. বল ও শক্তি
C. তাপ ও বল D. কাজ ও ক্ষমতা

Ans A

06. একটি পদার্থে তাপ প্রয়োগ করার পরও তাপমাত্রার পরিবর্তন হয়নি। নিচের কোন উক্তিটি এই ঘটনার উপযুক্ত ব্যাখ্যা প্রদান করে? [KU: 2013-14]

- A. পদার্থটি অবশ্যই গ্যাস B. পদার্থটির দশা পরিবর্তন হচ্ছে
C. পদার্থটির তাপীয় বৈশিষ্ট্য ব্যতিক্রম ধর্মী
D. চারপাশের পরিবেশের তুলনায় পদার্থের তাপমাত্রা কম

Ans B

07. 27°C তাপমাত্রায় একটি টায়ারকে পাম্প করতে করতে তার চাপ 2 বায়ুমন্ডলীয় চাপের সমান হওয়ার সাথে সাথে সেটি ফেটে গেল। চূড়ান্ত তাপমাত্রা কত? ($\gamma = 1.4$) [KU: 2013-14]

- A. 44.3°C B. 92.3°C C. 33.3°C D. 11.3°C

SOWHY $T_1^\gamma P_1^{1-\gamma} = T_2^\gamma P_2^{1-\gamma}$

$\Rightarrow T_2 = \left(\frac{P_1}{P_2}\right)^{\frac{1}{\gamma}} \times T_1 = \left(\frac{1}{2}\right)^{\frac{1}{1.4}} \times (27+273) = 365.3\text{K} = 92.3^\circ\text{C}$

08. 200ms^{-1} বেগ প্রাপ্ত একটি সীসার বুলেট কোথাও থামিয়ে দেয়ার ফলে সমস্ত গতিশক্তি তাপে রূপান্তরিত হল। বুলেটের তাপমাত্রা কত বৃদ্ধি পাবে? (সীসার আপেক্ষিক তাপ $126\text{Jkg}^{-1}\text{K}^{-1}$) [KU: 2013-14]

- A. 158.73K B. 158.73J/kg C. 108.73J/kg D. 108.73K

SOWHY $\frac{1}{2}mv^2 = ms\Delta\theta$ বা, $\Delta\theta = \frac{v^2}{2s} = \frac{(200)^2}{2 \times 126} = 158.73\text{K}$

09. কোন পদ্ধতির বিশুদ্ধ অবস্থা বৃদ্ধি পেলে উহার কোন রাশিটি বৃদ্ধি পায়? [KU: 2012-13]

- A. এন্ট্রপি B. কাজ C. শক্তি D. ফেরোচৌম্বক পদার্থ

Ans A

10. একটি কার্নো ইঞ্জিন যখন 27°C উষ্ণতার তাপগ্রাহকে থাকে তখন কর্মদক্ষতা 50%। একে 60% দক্ষ করতে হলে এর উচ্চ তাপমাত্রার কি পরিবর্তন আনতে হবে। [KU: 2011-12]

- A. 600K B. 300K C. 240K D. কোনটিই নয়

SOWHY $\Delta T = \frac{\Delta\eta T}{(1-\eta_1)(1-\eta_2)} = \frac{0.10 \times 300}{(1-0.5)(1-0.6)} = 150\text{K}$

11. কোন সিস্টেম পরিবেশ থেকে 800 J তাপশক্তি শোষণ করায় এর অন্তঃস্থ শক্তি 500 J বৃদ্ধি পেল। সিস্টেম কর্তৃক পরিবেশের উপর সম্পাদিত কাজের পরিমাণ কত? [KU: 2011-12]

A. 500 J B. 800 J C. 1300 J D. 300 J

[S⊙Why] $dQ=800J$, $dU=500J$, পরিবেশের উপর কাজ $dW=?$

∴ আমরা জানি, $dQ=dW+dU$, $dW=dQ-dU=800-500=300J$

12. 5gm বিতৃষ্ণ পানির তাপমাত্রা 5°C বৃদ্ধি করতে তাপের প্রয়োজন- [KU: 11-12]

A. 1 Cal B. 5 Cal C. 25 Cal D. 2.5 J

[S⊙Why] গৃহীত তাপ, $Q=ms_w\Delta\theta=5\times 10^{-3}\times 4200\times 5=105 J=25Cal$

13. এন্ট্রপির পরিবর্তন dS প্রকাশ করা হয়- [KU: 2011-12, 2009-10]

A. $dS = \frac{dQ}{T}$ B. $dS = \frac{dS}{T}$ C. $dS = \frac{T}{dQ}$ D. $dS = \frac{dQ}{dT}$ **[Ans A]**

14. রুদ্ধ তাপীয় প্রক্রিয়ায় বস্তুর যে তাপীয় ধর্ম স্থির থাকে তাকে বলে- [KU: 2011-12, 2009-10, 2007-08]

A. এন্ট্রপি B. এনথালপি
C. স্থির তাপীয় অবস্থা D. রুদ্ধ তাপীয় অবস্থা **[Ans A]**

15. একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা 60%। যদি তাপ উৎসের তাপমাত্রা 500K হয়, তবে তাপ গ্রাহকের তাপমাত্রা কত? [KU: 2010-11]

A. 833.33K B. 333.33K C. 180K D. 300K

[S⊙Why] $T_2 = (1-\eta).T_1 = (1-0.60)\times 500 = 0.4 \times 500 = 200 K$

16. কোন বস্তুকে এর পারিপার্শ্বিক শীতলতম অংশ হতে অধিকতর শীতল করে শক্তির বিরাম সরবরাহ পাওয়া সম্ভব নয়। এই বিবৃতিটি কার? [KU: 2010-11]

A. কেলভিনের B. প্র্যাঙ্কের
C. রুসিয়াসের D. কারোরই নয় **[Ans A]**

ইসলামী বিশ্ববিদ্যালয়

01. একটি প্রত্য্যগামী ইঞ্জিন 27°C তাপমাত্রায় 900J তাপ গ্রহণ করে এবং সিকে 540J তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা- [IU: 2019-20]

A. 40% B. 50% C. 60% D. 70%

[S⊙Why] $\eta = \left(\frac{Q_1 - Q_2}{Q_1}\right) \times 100\% = \frac{900 - 540}{900} \times 100\% = 40\%$

02. একটি রোধ থার্মোমিটারের রোধ 0°C ও 100°C তাপমাত্রায় যথাক্রমে 10Ω ও 20Ω। থার্মোমিটারটি একটি চুল্লিতে স্থাপন করায় রোধ 35Ω হয়। চুল্লির তাপমাত্রা কত? [IU: 2016-17]

A. 200°C B. 225°C C. 250°C D. 275°C

[S⊙Why] $\frac{C}{100} = \frac{R_0 - R_0}{R_{100} - R_0} \Rightarrow \frac{C}{100} = \frac{35 - 10}{20 - 10} = \frac{25}{10}$

∴ $C = 2.5 \times 100 = 250^\circ C$

03. একটি আদর্শ গ্যাসে C_p এবং C_v এর মধ্যে সম্পর্ক- [IU: 16-17]

A. $C_p + C_v = R$ B. $C_p + R = C_v$
C. $R - C_v = C_p$ D. $C_p - C_v = R$ **[Ans D]**

04. বিকিরণ তাপ চলে- [IU: 16-17]

A. শব্দের বেগে B. বিদ্যুতের বেগে
C. আলোর বেগে D. বাতাসের বেগে **[Ans C]**

05. কঠিন অবস্থায় এন্ট্রপির মান- [IU: 16-17]

A. বেশি B. কম C. সমান D. সর্বচ্ছা **[Ans B]**

06. তাপমাত্রা পরিমাপের জন্য অর্ধপরিবাহী দ্বারা তৈরী তাপ সুবেদী রোধককে বলা হয়- [IU: 2015-16]

A. থার্মোমিটার B. থার্মিস্টার
C. পাইরোমিটার D. রোধ থার্মোমিটার **[Ans B]**

07. কোন সিস্টেমের অবস্থার পরিবর্তনের ক্ষেত্রে Reversible Process একটি- [IU: 2015-16]

A. একমুখী প্রক্রিয়া B. ধীর প্রক্রিয়া
C. দ্রুত প্রক্রিয়া D. স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া **[Ans B]**

08. একটি ইঞ্জিন 3400J তাপ গ্রহণ ও 2400J তাপ বর্জন করলে ইঞ্জিনের দক্ষতা- [IU: 2014-15]

A. 29.41% B. 41.2% C. 36.34% D. 44.51%

[S⊙Why] ইঞ্জিনের দক্ষতা,

$$\eta = \left(1 - \frac{Q_2}{Q_1}\right) \times 100\% = \left(1 - \frac{2400}{3400}\right) \times 100\% = 29.41\%$$

09. কোন ব্যবস্থার ফলপ্রসূ কার্যপ্রাপ্তির সম্ভবনা এন্ট্রপির মানের- [IU: 2013-14]

A. সমানুপাতিক B. ব্যস্তানুপাতিক
C. কার্যের সঙ্গে সম্পর্কে নেই D. কোনটিই নয় **[Ans A]**

10. রুদ্ধতাপ প্রক্রিয়ার ক্ষেত্রে- [IU: 2012-13, BUET: 13-14]

A. $TV^{\gamma-1}=K$ B. $T^{\gamma-1}y=K$
C. $TV^{\gamma}=K$ D. $TV^{1/\gamma}=K$ **[Ans A]**

11. সকল দ্বি-পরমাণুক গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত? [IU: 2012-13]

A. 1.33 B. 1.4
C. 2.44 D. 1.66 **[Ans A]**

12. রুদ্ধ তাপীয় প্রক্রিয়ায় নিম্নের কোন সমীকরণটি শুদ্ধ? [IU: 2011-12]

A. $PV^{1/\gamma} = \text{Constant}$ B. $PV^\gamma = \text{Constant}$
C. $PV = \text{Constant}$ D. $T = \text{Constant}$ **[Ans B]**

13. সমোষ্ণ পরিবর্তনের জন্য কোন সিস্টেমের চাপ পরিবর্তন করতে হবে- [IU: 11-12]

A. খুব দ্রুত B. মাঝারিভাবে
C. খুব আন্তে আন্তে D. যে কোন ভাবে **[Ans C]**

14. রুদ্ধতাপ প্রক্রিয়ায় চাপ ও আয়তনের মধ্যে সম্পর্ক- [IU: 2011-12]

A. PV ধ্রুবক B. $PV^\gamma = \text{ধ্রুবক}$
C. $PV^{\gamma-1} = \text{ধ্রুবক}$ D. কোনটিই নয় **[Ans B]**

15. $\gamma=1.4$ হলে গ্যাসটি হবে- [IU: 2011-12]

A. এক পারমাণবিক B. দ্বি-পারমাণবিক
C. ত্রি-পারমাণবিক D. কোনটিই নয় **[Ans B]**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

01. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় কোন ভৌত রাশি স্থির থাকে? [BRUR: 2019-20]

A. তাপমাত্রা B. চাপ C. এন্ট্রপি D. অভ্যন্তরীণ শক্তি

[S⊙Why] রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় এন্ট্রপি স্থির থাকে এবং অপ্রত্য্যগামী প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায়।

02. কোন তাপমাত্রা সেন্টিগ্রেড ও ফারেনহাইট স্কেলে সমান? [BRUR: 2019-20; JUST: 2018-19]

A. -40° B. 40° C. 0° D. 100°

[S⊙Why] $\frac{x}{5} = \frac{x-32}{9} \Rightarrow 9x = 5x - 160 \Rightarrow x = -40^\circ$

03. 120°C তাপমাত্রায় পানি কত চাপে বাষ্পে পরিণত হয়? [BRUR: 2015-16]

A. 0.7534 AtmP B. 1.7354 AtmP
C. 0.7354 AtmP D. 1.07354 AtmP **[Ans A]**

04. ফারেনহাইট স্কেলে কোন বস্তুর তাপমাত্রা 50°F। কেলভিন স্কেলে উক্ত বস্তুর তাপমাত্রা- [BRUR: 2014-15]

A. 273K B. 293K C. 283K D. 298K

[S⊙Why] $\frac{F-32}{9} = \frac{T-273}{5} \Rightarrow \frac{50-32}{9} = \frac{T-273}{5} \Rightarrow T = 283K$

05. গ্রীন হাউজ ক্রিয়া ব্যাখ্যা করা যায় — দ্বারা- [BRUR: 2013-14]

A. Ven's Law B. Stefan's Law
C. Newton's Condensation Law D. Conservation Law **[Ans B]**

06. এন্ট্রপি কিসের পরিমাপ নির্দেশ করে? [BRUR: 2012-13]

A. মোট তাপ (total heat) B. সৃষ্ণত্ব (order)
C. বিশৃষ্ণত্ব (disorder) D. তাপমাত্রা (temperature) **[Ans C]**

07. স্থির উষ্ণতায় কত চাপ প্রয়োগ করলে একটি গ্যাসের আয়তনের স্বাভাবিক চাপের আয়তনের 4 গুণ হয়। [BRUR: 2011-12]

A. 1.5 atm B. 1.42 atm C. 0.142 atm D. 2.56 atm

[S⊙Why] $P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma P_1 = \left(\frac{1}{4}\right)^{1.4} \times 1 = 0.143 atm$

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

01. অ্যামোনিয়ার হিমাঙ্ক কত? [JKKNIU: 2019-20]
 A. 0°C B. 77.5°C
 C. -77.73°C D. 87.1°C **Ans C**

PART (B) ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 60°C তাপমাত্রার 10 kg পানিকে 100°C তাপমাত্রার বাষ্প পরিণত করলে এন্ট্রপির পরিবর্তন কত J.K⁻¹? (পানির বাষ্পীভবনের সূক্ত তাপ 2.26×10⁶ J.kg⁻¹) [SUST-B: 2019-20]
 A. 8.05 × 10⁴ B. 6.04 × 10⁴ C. 7.26 × 10⁴
 D. 0.48 × 10⁴ E. 6.54 × 10⁴

S(Why) এন্ট্রপির পরিবর্তন, $dS = S_1 + S_2$
 $= m \ln \frac{T_2}{T_1} + \frac{mL_v}{T} = 10 \times 4200 \times \ln \frac{373}{333} + \frac{10 \times 2.26 \times 10^6}{373}$
 $= 10(476.43 + 6058.98) = 10 \times 6534.98 = 6.54 \times 10^4 \text{ J.K}^{-1}$

02. স্থির তাপমাত্রার আদর্শ গ্যাসের P-V লেখচিত্রটি হবে একটি: [SUST:2018-19]
 A. আয়তকার অধিবৃত্ত B. P-অক্ষের সমান্তরাল সরলরেখা
 C. উপবৃত্ত D. পরাবৃত্ত
 E. V-অক্ষের সমান্তরাল সরলরেখা **Ans A**

03. সমোষ্ণ প্রক্রিয়ায় (T = 400K) 4 মোল আদর্শ গ্যাসের আয়তন V₁ থেকে বৃদ্ধি পেয়ে V₂ = 2V₁ হলো। গ্যাসটি কর্তৃক কৃতকাজ কত? [SUST:2018-19; KU:2012-13]
 A. 9216 J B. 2304 J C. -2304J D. -1329J E. 4000 J

S(Why) $W = nRT \ln \frac{V_2}{V_1} = 4 \times 8.31 \times 400 \ln \frac{2}{1} = 9213 \text{ J}$

04. বায়ুতে রুদ্ধতাপে প্রসারিত করে এর আয়তন 5 গুণ করা হল। যদি প্রাথমিক চাপ 1 বায়ুমণ্ডলীয় চাপ হয় তাহলে চূড়ান্ত চাপ কত N/m² হবে? (γ = 1.4) [SUST: 2016-17, 11-12, 08-09]
 A. 1.06×10⁴ B. 3.36×10⁴ C. 4.13×10⁴
 D. 5.36×10⁴ E. 7.56×10⁴

S(Why) $P_1 V_1^\gamma = P_2 V_2^\gamma$
 \therefore চূড়ান্ত চাপ, $P_2 = \left(\frac{V_1}{V_2}\right)^\gamma \times P_1 = \left(\frac{1}{5}\right)^{1.4} \times 1 \times 10^5$
 $= 1.06 \times 10^4 \text{ N/m}^2$

05. 35% কর্মদক্ষতা বিশিষ্ট একটি তাপীয় ইঞ্জিন প্রতি পূর্ণচক্র শেষে উৎস থেকে গৃহীত তাপের শতকরা কতভাগ বর্জন করে? [SUST: 2015-16]
 A. 35 B. 45 C. 50 D. 65 E. 55

S(Why) বর্জন করে = 100 - 35 = 65%

06. একটি কার্নো ইঞ্জিন যখন 37°C তাপমাত্রার তাপগ্রাহকে থাকে তখন এর কর্মদক্ষতা 30%। একে 40% দক্ষ করতে হলে উৎসের তাপমাত্রা কত K পরিবর্তন করতে হবে? [SUST: 2014-15]
 A. 50.25 B. 53.75 C. 64.85 D. 73.81 E. 87.13

S(Why) তাপমাত্রার পরিবর্তন = $\frac{\text{প্রদত্ত তাপমাত্রা} \times \text{দক্ষতার পার্থক্য}}{(1 - \eta_1)(1 - \eta_2)}$
 $= \frac{310 \times 0.1}{(1 - 0.30)(1 - 0.40)} = \frac{310 \times 0.1}{0.7 \times 0.6} = 73.81 \text{ K}$

07. একটি তাপ ইঞ্জিনের দক্ষতা কিসের উপর নির্ভরশীল? [SUST: 2012-13]
 A. উৎসের তাপমাত্রা B. তাপ গ্রহকের তাপমাত্রা
 C. উৎস ও তাপগ্রাহকের তাপমাত্রা D. উৎস ও তাপগ্রাহকের তাপমাত্রার পার্থক্য
 E. মাধ্যমের প্রকৃতি **Ans A**

08. ইঞ্জিন A কাজ করছে 500K ও 450K তাপমাত্রায় এবং ইঞ্জিন B কাজ করছে 450K ও 400K তাপমাত্রায়। ইঞ্জিন B এর দক্ষতা ইঞ্জিন A থেকে কতটুকু বেশি? [SUST: 2012-13]
 A. 0% B. 1.0% C. 1.5%
 D. 1.75% E. 2.0%

S(Why) $\frac{\eta_B}{\eta_A} = \frac{450 - 400}{500 - 400} = \frac{50}{100} = \frac{500}{450} = \frac{10}{9} = 1.11$

09. একটি কার্নো ইঞ্জিনের তাপ গ্রাহকের তাপমাত্রা 30°C. দক্ষতা 30% ইঞ্জিনের দক্ষতা 35% করতে হলে তাপগ্রাহকের তাপমাত্রা কত কমাতে হবে। [SUST: 2010-11]
 A. 22°C B. 44°C C. 33.29°C D. 70°C

S(Why) $\Delta T = \frac{\Delta \eta \cdot T_2}{(1 - \eta_1)(1 - \eta_2)} = \frac{0.05 \times 303}{(1 - 0.30)(1 - 0.35)} = 33.29 \text{ K} = 33.29^\circ \text{C}$

10. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে কিছু পরিমাণ গ্যাসকে হঠাৎ সংস্কৃতি করে আয়তনকে এক চতুর্ভাগ করা হলে তাপমাত্রা কতগুণ বৃদ্ধি পাবে। [SUST: 2009-10]
 A. 1.74 B. 4 C. 6.96 D. 16

S(Why) $\frac{T_2}{T_1} = \left(\frac{V_1}{V_2}\right)^{\gamma-1} = \left(\frac{1}{1/4}\right)^{1.4-1} \Rightarrow T_2 = (4)^{0.4} \times T_1 = 1.74 T_1$

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. পেট্রোল ইঞ্জিনের তাপীয় দক্ষতা প্রায়- [HSTU: 2015-16]
 A. 20% B. 25% C. 40% D. 30% **Ans D**
02. এন্ট্রপির পরিবর্তন সর্বদা- [HSTU: 2015-16]
 A. ধনাত্মক B. ঋণাত্মক C. শূন্য D. কোনটিই নয় **Ans A**

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. যদি কোন কার্নো ইঞ্জিন 120°C ও 30°C তাপমাত্রার মধ্যে কাজ করে তবে তার দক্ষতা শতকরা কত হবে? [JUST-A: 2019-20]
 A. 20.9 B. 22.9 C. 24.9 D. 26.9

S(Why) $\eta = \left(\frac{T_1 - T_2}{T_1}\right) \times 100\% = \frac{393 - 303}{393} \times 100\% = 22.9\%$

02. পানির ঋ্ধে বিন্দুর চাপ- [JUST-B: 2019-20; HSTU. 17-18]
 A. 4.58 mm Hg B. 5.48 mm Hg
 C. 4.48 mm Hg D. 760 mm Hg

S(Why) ঋ্ধে বিন্দুতে চাপ 4.58 mmHg

03. একটি কার্নো ইঞ্জিন 230°C ও 29°C তাপমাত্রার মধ্যে কাজ করলে এর কর্মদক্ষতা কত? [JUST-C: 2019-20]
 A. 40% B. 50% C. 60% D. 70%

S(Why) $\eta = \left(\frac{T_1 - T_2}{T_1}\right) \times 100\% = \left(\frac{503 - 302}{503}\right) \times 100\%$
 $= 39.96 \approx 40\%$

04. ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের দ্বিগুণ? [JUST: 15-16; PSTU. 17-18]
 A. 100°F B. 160°F C. 320°F
 D. 273°F E. 460°F

S(Why) $\frac{x}{5} = \frac{2x - 32}{9}$ বা, $9x = 10x - 160$
 বা, $x = 160 \therefore 2x = 160 \times 2 = 320$

05. 27°C তাপমাত্রার 20 gm পানিকে 50°C তাপমাত্রার পানিতে পরিণত করতে প্রয়োজনীয় এন্ট্রপির বৃদ্ধি হয় কত? [JUST: 2015-16]
 A. 6.21 J/K B. 2.61 J/K C. 0.62 J/K
 D. 3.21 J/K E. 5.21 J/K

S(Why) $dS = m \ln \frac{T_2}{T_1} = 20 \times 10^{-3} \times 420 \ln \left(\frac{323}{300}\right) = 6.20$

06. 0°C তাপমাত্রার পানিকে বাষ্পীভূত করা যেতে পারে, যদি পারিপার্শ্বিক চাপ হয়- [JUST: 2015-16]
 A. 760 mm of Hg B. 76 mm of Hg **Ans A**
 C. 40 mm of Hg D. 4 mm of Hg E. 38 mm of Hg

7. কোন তাপমাত্রায় কেলভিন এবং ফারেনহাইট সমান? [JUST: 2015-16]

- A. 574.25° B. 575.55° C. 273° D. 570.98°

$$\text{[S@Why]} \frac{F-32}{9} = \frac{x-273}{5} \Rightarrow \frac{x-32}{9} = \frac{x-273}{5}$$

$$\Rightarrow 9x-5x=2457-160 \Rightarrow 4x=2297 \Rightarrow x=574.25$$

08. একটি ত্রুটিপূর্ণ thermometer স্বাভাবিক চাপে বরফের 1°C এবং বাষ্পে 98°C পাঠ দেয়। ঠিক thermometer 40°C পাঠ দিলে প্রকৃত তাপমাত্রা কত? [JUST: 2015-16]

- A. 32.3°C B. 36°C C. 40.2°C D. 48.4°C E. 52.6°C

$$\text{[S@Why]} \frac{C}{100} = \frac{X_n - X_0}{X_{100} - X_0} = \frac{40 - 1}{98 - 1} = \frac{39}{97} \Rightarrow C = 40.206^\circ\text{C}$$

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. একটি তাপ ইঞ্জিন 147°C তাপমাত্রায় তাপ উৎস থেকে 1260 জুল তাপ গ্রহণ করে এবং 37°C তাপমাত্রায় তাপ গ্রাহকে 930 জুল তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা কত? [MBSTU-A: 2019-20]

- A. 25.8% B. 26.2% C. -25.8% D. -26.2%

$$\text{[S@Why]} \eta = \left(\frac{Q_1 - Q_2}{Q_1} \right) \times 100\% = \left(\frac{1260 - 930}{1260} \right) \times 100\% = 26.2\%$$

02. তাপগতি বিদ্যার কোন সূত্রটি শক্তির সংরক্ষণশীলতার সূত্রের সাথে সম্পর্কযুক্ত? [MBSTU-B: 2019-20]

- A. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্র B. তাপগতিবিদ্যার প্রথম সূত্র
C. তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্র D. তাপগতিবিদ্যার তৃতীয় সূত্র

[S@Why] তাপগতিবিদ্যার 1ম সূত্র শক্তির নিত্যতার একটি বিশেষ রূপ।

03. রুদ্ধতাপীয় প্রক্রিয়ার জন্য আয়তন ও তাপমাত্রার মধ্যে সম্পর্ক হল-

[MBSTU-B: 2018-19]

- A. $TV^{-1} = \text{ধ্রুবক}$ B. $TV^{\gamma} = \text{ধ্রুবক}$
C. $T^{\gamma}V = \text{ধ্রুবক}$ D. $T^{-1}V = \text{ধ্রুবক}$

[S@Why] রুদ্ধতাপীয় সমীকরণগুলো হলো:

(i) $PV^{\gamma} = \text{ধ্রুবক}$ (ii) $TV^{\gamma-1} = \text{ধ্রুবক}$ (iii) $TP^{\frac{1-\gamma}{\gamma}} = \text{ধ্রুবক}$

04. একটি ত্রুটিপূর্ণ থার্মোমিটার সাধারণ বায়ু চাপে গলিত বরফে 4°C এবং শুষ্ক বাষ্পে 98°C পাঠ দেয়। থার্মোমিটারটি 51°C পাঠ দিলে প্রকৃত পাঠ কত? [MBSTU: 2015-16]

- A. 51°C B. 50°C C. 52°C D. 49°C

$$\text{[S@Why]} \frac{\text{পাঠ-নিম্ন স্থিরাঙ্ক}}{\text{উর্ধ্ব স্থিরাঙ্ক-নিম্নস্থিরাঙ্ক}} = \frac{C-0}{100-0}$$

$$\Rightarrow \frac{51-4}{98-4} = \frac{47}{92} = \frac{C}{100} \Rightarrow C = 50^\circ\text{C}$$

05. 25% দক্ষতার একটি কার্নো'র ইঞ্জিন 27°C তাপমাত্রায় তাপ বর্জন করে। এটি কত তাপমাত্রায় তাপ শোষণ করবে? [MBSTU: 2015-16]

- A. 127°C B. 227°C C. 327°C D. 427°C

$$\text{[S@Why]} T_1 = \frac{T_2}{1-\eta} = \frac{27+273}{1-0.25} = \frac{300}{0.75} = 400\text{K} = 127^\circ\text{C}$$

06. এন্ট্রপি সবচেয়ে বেশী- [MBSTU: 14-15; RU: 2017-18]

- A. কঠিন অবস্থায় B. তরল অবস্থায়
C. গ্যাসীয় অবস্থায় D. কোনটিই নয়

Ans C

07. ফারেনহাইট স্কেলে কোন বস্তুর তাপমাত্রা 98°F হলে, সেলসিয়াস স্কেলে বস্তুর তাপমাত্রা কত? [MBSTU: 2014-15, PSTU: 2014-15]

- A. 20.67°C B. 30.67°C C. 36.67°C D. 40.67°C

$$\text{[S@Why]} \frac{C}{5} = \frac{F-32}{9} \Rightarrow \frac{C}{5} = \frac{98-32}{9} \Rightarrow C = 36.67^\circ\text{C}$$

08. কোন ব্যবস্থা ধ্রুব আয়তনে 300J তাপ বর্জন করে। ব্যবস্থার অন্তর্গত শক্তির পরিবর্তন হবে- [MBSTU: 2014-15]

- A. -150J B. -300J C. 300J D. -450J

[S@Why] $dQ = dU + dW$;

এখানে $dQ = -300$ কারণ তাপ বর্জিত হয়
বা, $-300 = dU$ বা, $dU = -300J$

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 0°C এর -0.5 kg ভরের বরফকে 0°C এর পানিতে রূপান্তর করা হলে এন্ট্রপির পরিবর্তন কত? [PSTU-A: 2019-20]

- A. 615.3 J/K B. 612.5 J/K C. 615.2 J/K D. 610.2 J/K

$$\text{[S@Why]} \text{এন্ট্রপির পরিবর্তন, } dS = \frac{mL_f}{T} = \frac{0.5 \times 336000}{273}$$

$$= 615.38 \text{ J/K}$$

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. যে প্রক্রিয়ায় সিস্টেম থেকে তাপ বাইরে যায় না বা বাইরে থেকে তাপ সিস্টেমে আসে না তাকে কোন প্রক্রিয়া বলে? [NSTU: 14-15]

- A. সমোদ্য প্রক্রিয়া B. রুদ্ধতাপীয় প্রক্রিয়া
C. প্রসারণ প্রক্রিয়া D. সমচাপ প্রক্রিয়া

Ans B

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 10°C তাপমাত্রার 5 kg পানিকে 100°C তাপমাত্রায় উত্তীর্ণ করতে এন্ট্রপির পরিবর্তন কত হবে? [BSMRSTU-A: 2019-20]

- A. 5900 JK⁻¹ B. 6000 JK⁻¹ C. 5800 JK⁻¹ D. 5798 JK⁻¹

$$\text{[S@Why]} dS = ms \ln \frac{T_2}{T_1} = 5 \times 4200 \times \ln \frac{373}{283} = 5798 \text{ JK}^{-1}$$

02. একটি কার্নো ইঞ্জিন বাষ্প বিন্দু ও বরফ বিন্দুর মধ্যে কাজ করলে এর দক্ষতা কত? [BSMRSTU-A: 2019-20]

- A. 61.28% B. 62.18% C. 26.18% D. 26.81%

$$\text{[S@Why]} \eta = \left(1 - \frac{T_2}{T_1} \right) \times 100\% = \left(1 - \frac{273}{373} \right) \times 100\% = 26.81\%$$

03. একমুখী প্রক্রিয়ায় এন্ট্রপি- [BSMRSTU: 14-15]

- A. বৃদ্ধি পায় B. হ্রাস পায় C. মান শূন্য হয় D. কোন পরিবর্তন ঘটে না

[S@Why] একমুখী বা অপ্রত্যাগামী প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায়।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. তাপ গতিবিদ্যার প্রথম সূত্র অনুযায়ী- [BSFMSTU-A: 2019-20]

- A. $W = J + 2H$ B. $W = JH$ C. J/H D. $W = J^2$

[S@Why] তাপগতিবিদ্যার 1ম সূত্রঃ যখন কাজ সম্পূর্ণরূপে তাপে বা তাপ সম্পূর্ণরূপে কাজে রূপান্তরিত হয় তখন কাজ ও তাপ পরস্পরের সমানুপাতিক।
 $W \propto H \Rightarrow W = JH$; J তাপের যান্ত্রিক সমতা।

STEP 04 PRIME TEST Time: 15

01. কোন রেফ্রিজারেটর 700J তাপ তাপাধারে বর্জন করে এবং ঠাণ্ডা প্রকোষ্ঠ থেকে 400 J তাপ অপসারণ করলে কার্য সম্পাদন সহ্য কত?

- A. 1.83 B. 1.15 C. 0.55 D. 1.33

02. কোনো সিস্টেম 900 J তাপ শোষণ করে 300 J কাজ সম্পাদন করে। অন্তর্গত শক্তির পরিবর্তন কত?

- A. -600 J B. 600 J C. 300 J D. None

03. একটি জলপ্রপাত 900 মিটার উঁচু। যদি ধরা হয় পতিত পানির গতিশক্তির অর্ধেক তাপ পরিণত হয়, তাহলে তাপমাত্রা বৃদ্ধি কত হবে?

- A. 0.1°C B. 0.53°C C. 1°C D. 1.05°C

04. 501.85°C তাপমাত্রার সমতুল্য থার্মোডাইনামিক তাপমাত্রা কত?

- A. 775.01K B. 774.85K C. 775.00 K D. 228.85 K

05. একটি কার্ণো-চক্র মোট এন্ট্রপির পরিবর্তন হল-


- A. zero B. $\frac{Q_1 - Q_2}{T_1 - T_2}$
C. less than zero D. greater than zero

06. স্বাভাবিক তাপমাত্রা ও চাপে 1 mole আদর্শ গ্যাসের তাপমাত্রা 1K বাড়ালে যে কাজ সম্পন্ন করে তা হল-

- A. 8.314J B. 4200 J C. $3.36 \times 10^5 \text{ J}$ D. 4.2 J

7. পানিকে 7°C থেকে 1°C এ ঠাণ্ডা করলে কি ঘটে?
- A. এটি শুধুমাত্র সংকোচিত হয়
B. এটি শুধুমাত্র প্রসারিত হয়
C. এটি প্রথমে সংকোচিত হয় এবং পরে প্রসারিত হয়
D. এটি প্রথমে প্রসারিত হয়, তারপর সংকোচিত হয় এবং পরে আবার প্রসারিত হয়
8. 1m দৈর্ঘ্যের AB দণ্ডের A প্রান্তের তাপমাত্রা 80°C এবং B প্রান্তের তাপমাত্রা 0°C । দণ্ডের A প্রান্ত থেকে 60 cm দূরত্বে তাপমাত্রা হচ্ছে-
- A. 16°C B. 32°C C. 48°C D. 64°C
9. 100K এবং 500K তাপমাত্রাঘরের মধ্যে কার্যরত একটি কার্ণো ইঞ্জিনের দক্ষতা কত?
- A. 0.8 B. 1.2 C. -4 D. 6
10. কোন তাপমাত্রায় ফারেনহাইট স্কেলের মান সেলসিয়াস স্কেলের মান থেকে 10° বেশি হবে?
- A. -27.5°C B. -27.5°F C. 27.5°C D. 27.5°F
11. একটি কার্ণো ইঞ্জিনের η (Carnot's Engine) কর্মদক্ষতা 50% যখন ইহার তাপগ্রাহকের তাপমাত্রা 27°C । ইঞ্জিনটির কর্মদক্ষতা 60% করতে উৎসের তাপমাত্রা কত বাড়তে হবে?
- A. 60K B. 120 K C. 150 K D. 160 K

12. একটি নির্দিষ্ট গ্যাসের জন্য $P = \frac{K}{V}$, যদি T স্থির থাকে। এখানে P = চাপ, V = আয়তন, T = তাপমাত্রা এবং K = ধ্রুবক। এমতাবস্থায় নিচের কোনটি সঠিক নয়?




13. একটি কার্ণো ইঞ্জিন পানির হিমাঙ্ক ও স্ফুটনাঙ্কের মধ্যে কার্যরত আছে। ইঞ্জিনটির দক্ষতা কত?
- A. 100% B. 0% C. 26.81% D. 28.62%
14. একটি জলপ্রপাতে 100 মিটার উপর হতে পানি নিচে পতিত হয়। উপরের ও নিচের পানির তাপমাত্রার পার্থক্য নির্ণয় কর। [$J = 4.2 \text{ Joule Cal}^{-1}$]
- A. 0.434°C B. 0.234°C C. 0.234°F D. 0.564°C
15. একটি আদর্শ কার্ণো ইঞ্জিনের কর্মদক্ষতা 40% এবং ইহা 500 K তাপমাত্রায় তাপ গ্রহণ করে। যদি এর কর্মদক্ষতা 50% হয়, তাহলে একই বহির্গামী তাপমাত্রার জন্য অভ্যুৎসর্গীয় তাপমাত্রা কত হবে?
- A. 500 K B. 600 K C. 700 K D. 800 K
16. একটি বস্তুর তাপমাত্রা 9 মিনিটে 50°C থেকে 35°C এ নেমে আসে। ফারেনহাইট স্কেলে তাপমাত্রা নেমে আসার হার কত?
- A. $0.03^\circ\text{F}/\text{sec}$ B. $0.04^\circ\text{F}/\text{sec}$ C. $0.05^\circ\text{F}/\text{sec}$ D. $0.06^\circ\text{F}/\text{sec}$
17. একটি কার্ণো ইঞ্জিন 400 K তাপমাত্রার তাপ উৎস থেকে 200 cal তাপ গ্রহণ করে এবং তাপ গ্রাহকে 150 cal তাপ বর্জন করে। তাপগ্রাহকের তাপমাত্রা কত?
- A. 400 K B. 200 K C. 150 K D. 300 K
18. ফারেনহাইট স্কেলের কোন তাপমাত্রা সেন্টিগ্রেড স্কেলের দ্বিগুণ?
- A. 100°F B. 160°F C. 320°F D. 273°F
19. একটি কার্ণো ইঞ্জিন 77° তাপমাত্রায় তাপ গ্রহণ করে ও 227°C তাপমাত্রায় তাপ বর্জন করে। ইঞ্জিনের দক্ষতা হলো-
- A. 70% B. 35% C. 30% D. 27%
20. কোন তাপমাত্রা সেলসিয়াস ও ফারেনহাইট স্কেলে একই পাঠদান করবে-
- A. 0° B. -40° C. 32° D. 100°
21. 1000°C তাপমাত্রার অধিক তাপমাত্রা পরিমাপক যন্ত্রের নাম কী?
- A. ক্যালমিটার B. পারদ থার্মোমিটার
C. পাইরোমিটার D. অ্যালকোহল থার্মোমিটার

22. কোনো কার্ণো ইঞ্জিনের দক্ষতা 75% এবং তাপগ্রাহকের তাপমাত্রা 67°C । তাপ উৎসের তাপমাত্রা কত হবে?
- A. 85°C B. 840°C C. 1087°C D. 1360°C
23. এক কাপ গরম কফিকে 80°C তাপমাত্রা থেকে 30°C তাপমাত্রায় ঠাণ্ডা করা হল। কাপটির তাপ ধারকত্ব $2.0 \text{ kJ}^\circ\text{C}^{-1}$ হলে শীতলীকরণ প্রক্রিয়ায় কত তাপ নির্গত হল?
- A. 0.04 kJ B. 60 kJ C. 100 kJ D. 160 kJ
24. 100°C তাপমাত্রায় কিছু পরিমাণ পানিকে একই তাপমাত্রায় বাষ্পে পরিণত এনট্রপির পরিবর্তন $1.21 \times 10^4 \text{ JK}^{-1}$ । পানির পরিমাণ কত?
A. রোধ B. ব্যাটারি C. অ্যানিটার D. ভোল্টমিটার **[Ans D]**

08. 4.2Ω রোধের একটি তারের মধ্য দিয়ে 2A তড়িৎ 5 min ধরে প্রবাহিত হলে উৎপন্ন তাপের পরিমাণ কত? [MBSTU: 2014-15]

A. 4030J B. 3040J C. 5040J D. 1050J

[S@Why] $H = i^2 R t = 2^2 \times 4.2 \times 5 \times 60 = 5040J$

09. প্রতি ইউনিট বিদ্যুৎ এর মূল্য 2 Taka হলে, 1200W এর একটি বৈদ্যুতিক ইরি 2 hours চালনা করলে কত খরচ হবে? [MBSTU: 2014-15]

A. 48 Taka B. 24 Taka C. 2.4 Taka D. 4.8 Taka

[S@Why] বিদ্যুৎ বিল = $\frac{PNTb}{1000} = \frac{1200 \times 1 \times 2 \times 2}{1000} = 4.8 \text{ Tk}$

10. একটি পরিবাহীর ভিতর দিয়ে 10 সেকেন্ডে 25ml Amp বিদ্যুৎ প্রবাহিত হলে প্রবাহিত চার্জের পরিমাণ হবে- [MBSTU: 2014-15]

A. 25C B. 0.25C C. 250C D. 2.5C

[S@Why] $Q = it = 10 \times 25 \times 10^{-3} = 0.25C$

11. একটি তারকে অর্ধেক করলে এর রোধ- [MBSTU: 2014-15]

A. দ্বিগুণ হবে B. অর্ধেক হবে C. অপরিবর্তিত হবে D. ভোল্টেজের উপর নির্ভর করে

[S@Why] $\frac{R_2}{R_1} = \frac{l_2}{l_1} = \frac{1}{2} \Rightarrow R_2 = \frac{R}{2}$

12. একটি বর্তনীতে $R_1 = 8\Omega$ ও $R_2 = 12\Omega$ পরিমানের দুটি রোধক সমান্তরাল সমবায়ে আছে। যদি বর্তনীর ভিতর দিয়ে প্রবাহিত বিদ্যুৎ প্রবাহের মান $I = 10$ ampere হয় তবে I_1 এবং I_2 এর মান কত হবে? [MBSTU: 2014-15]

A. $I_1 = 6$ ampere, $I_2 = 4$ ampere B. $I_1 = 4$ ampere, $I_2 = 6$ ampere
C. $I_1 = I_2 = 4$ ampere D. $I_1 = I_2 = 6$ ampere

[S@Why] $i_1 = \frac{R_2}{R_1 + R_2} i = \frac{12}{20} \times 10 = 6 \text{ Amp}$


$i_2 = \frac{R_1}{R_1 + R_2} i = \frac{8}{20} \times 10 = 4 \text{ Amp}$

13. অ্যামিটার দিয়ে কি সরাসরি পরিমাপ করা যায়? [MBSTU: 2014-15]

A. রোধ B. বিদ্যুৎ প্রবাহ C. বিভব D. বিদ্যুৎ শক্তি **[Ans B]**

4. XY বরাবর রোধ কত?

[MBSTU: 2014-15]



- A. $\frac{1}{20}\Omega$ B. $\frac{1}{5}\Omega$ C. 5Ω D. 20Ω

[S@Why] রোধ $R = \{(4+6) \parallel (2+8)\} = \{10 \parallel 10\} = 5\Omega$

15. বিভব পার্থক্য ও কাজের মধ্যে সম্পর্ক-

[MBSTU: 2014-15]

- A. কাজ = আধান \times বিভব পার্থক্য B. কাজ = $\frac{\text{আধান}}{\text{বিভব পার্থক্য}}$

- C. কাজ = $\frac{\text{বিভব পার্থক্য}}{\text{আধান}}$ D. কোনটিই নয়

[Ans A]

16. ছইটস্টোন ব্রিজের ভারসাম্যের শর্ত কোনটি?

[MBSTU: 2014-15]

- A. $\frac{P}{R} = \frac{S}{Q}$ B. $\frac{P}{S} = \frac{R}{Q}$ C. $\frac{P}{Q} = \frac{R}{S}$ D. $\frac{P}{Q} = \frac{S}{R}$

[Ans C]

17. বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয়ের জন্য অ্যামিটারকে বর্তনীর সাথে — সমবায়ে যুক্ত করা হয়।

[MBSTU: 2014-15]

- A. সমান্তরাল B. শ্রেণী
C. সমান্তরাল বা শ্রেণী D. কোনটিই নয়

[Ans B]

18. একটি মোটর গাড়ির ব্যাটারির দুই প্রান্তের বিভব পার্থক্য 12.0V। 2.5C আধানকে ব্যাটারির ঋনাত্মক প্রান্ত থেকে ধনাত্মক প্রান্তে স্থানান্তরের জন্য সম্পন্ন কাজ কত হবে?

[MBSTU: 2014-15]

- A. 60J B. 90J C. 30J D. 10J

[S@Why] $w = Qv = 2.5 \times 12 = 30j$

19. তাপমাত্রা, উপাদান ও দৈর্ঘ্য স্থির থাকলে পরিবাহীর রোধ এর প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলের-

[MBSTU: 2013-14]

- A. সমানুপাতিক B. ব্যস্তানুপাতিক
C. বর্গের সমানুপাতিক D. বর্গের ব্যস্তানুপাতিক

[Ans B]

20. বিভব পার্থক্যের একক কোনটি?

[MBSTU: 2013-14]

- A. অ্যাম্পিয়ার B. ভোল্ট
C. সিমেন্স D. ওম

[Ans B]

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

11. একটি ত্রিভুজাকার বর্তনীতে 3 Ω ও 6 Ω রোধদ্বয় শ্রেণীসমবায়ে যুক্ত আছে। যদি 3 Ω রোধে তড়িৎ প্রবাহ 4 A হয়, তাহলে 6 Ω রোধের দুপ্রান্তে বিভব পার্থক্য কত হবে?

[BSMRSTU-A: 2019-20]

- A. 24 V B. 8 V C. 2 V D. 12 V

[S@Why] বিভব পার্থক্য, $V = IR = 4 \times 6 = 24V$

12. 20 Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে কত রোধের একটি শাট যুক্ত করলে মোট তড়িৎ প্রবাহমাত্রার 1% গ্যালভানো মিটারের মধ্য দিয়ে যাবে?

[BSMRSTU-A: 2019-20]

- A. 2 Ω B. 0.20 Ω C. 20 Ω D. 2.0 Ω

[S@Why] $I_g = \frac{S}{S+G}$; $\frac{I_g}{I} = \frac{S}{S+G} \Rightarrow \frac{1}{100} = \frac{S}{S+G}$

$\Rightarrow S+G = 100S \Rightarrow S = \frac{G}{99} = \frac{20}{99} = 0.202 \Omega$

13. কোনটি উচ্চ রোধ বিশিষ্ট চল কুন্ডলী গ্যালভানোমিটার?

[BSMRSTU-B: 2019-20]

- A. ভোল্টমিটার B. অ্যামিটার C. পটেনশিওমিটার D. পোস্ট অফিস বক্স

[S@Why] অ্যামিটার হচ্ছে একটি উচ্চরোধ বিশিষ্ট চলকুন্ডলী গ্যালভানোমিটার যা দিয়ে প্রবাহ মাপা হয় এবং ভোল্টমিটার দিয়ে বিভব পার্থক্য মাপা হয়।

14. 15 Ω রোধের একটি তারকে টেনে লম্বা করা হল। এতে তারের দৈর্ঘ্য দ্বিগুণ এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অর্ধেক হলে রোধ কত হবে?

[BSMRSTU-B: 2019-20]

- A. 40 Ω B. 30 Ω C. 75 Ω D. 60 Ω

[S@Why] পরিবর্তিত রোধ, $R_2 = n^2 R_1 = (2)^2 \times 15 = 60\Omega$

05. একটি গ্যালভানোমিটারের রোধ 99 Ω। এর সাথে কত শাট যুক্ত করলে মূল বিদ্যুৎ প্রবাহমাত্রার 98% সার্কিটের মধ্য দিয়ে প্রবাহিত হবে?

[BSMRSTU-H: 2019-20]


- A. 2.02 Ω B. 0.202 Ω C. 20.2 Ω D. 2.22 Ω

[S@Why] $I_s = \frac{G}{G+S} \times I$

$\Rightarrow \frac{I_s}{I} = \frac{G}{G+S} \Rightarrow \frac{98}{100} = \frac{99}{99+S} \Rightarrow S = 2.02 \Omega$

06. নিচের বর্তনীতে $R_1 = 10\Omega$, $R_2 = R_3 = 5\Omega$ এবং $R_4 = 10\Omega$, R_4 রোধের মধ্যদিয়ে তড়িৎ প্রবাহ কত?


[BSMRSTU:2014-15]



- A. 0.5A B. 0.1A C. 0.05A D. কোনটিই নয়

[S@Why] $R = 10 + \{5 \parallel (10 \parallel 5)\} = 10 + \{5 \parallel \frac{10}{3}\} = 10 + 2 = 12\Omega$

$I = \frac{E}{R} = \frac{6}{12} = 0.5A$ এখন $IR_p = I_4 R_4 \Rightarrow I_4 = \frac{IR_p}{R_4} = \frac{0.5 \times 2}{10} = 0.1Amp$



07. একটি কার্বন রোধের প্রান্ত হতে বাদামি, হলুদ, লাল ও সোনালী রং এর পট্ট দেওয়া আছে; রোধটির সর্বোচ্চ ও সর্বনিম্ন মান-

[BSMRSTU:2014-15]

- A. 1220Ω ও 1300Ω B. 1470Ω ও 1330Ω
C. 1450Ω ও 1350Ω D. 1400Ω ও 1300Ω

[S@Why] $R = FS \times 10^T = 14 \times 10^2 \pm 5\%$

$= 1400 \pm 1400 \times 0.05 = 1400 \pm 70$

$R_{max} = 1470\Omega$ এবং $R_{min} = 1330\Omega$


[পুরাতন সিলেবাস]

08. A, B প্রান্তে বিভব পার্থক্য কত?

[BSMRSTU: 2014-15]

[S@Why] মোট রোধ $R = 4 + 4 + (4 \parallel 4) = 8 + 2 = 10$

$i = \frac{10}{10} = 1Amp \therefore v = R_p i = 2 \times 1 = 2 \text{ volt}$



09. একটি কোষের তড়িৎচালক শক্তি 4V এবং অভ্যন্তরীণ রোধ 2Ω। 10Ω ও 15Ω রোধ বিশিষ্ট দুইটি রোধকে সমান্তরাল সমবায়ে সাজিয়ে কোষটির প্রান্তদ্বয়ের সাথে যুক্ত করলে 10Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য কত হবে?

[BSMRSTU: 2014-15]

[S@Why] $R_p = (10^{-1} + 5^{-1})^{-1} = 6\Omega$

$i = \frac{E}{R+r} = \frac{4}{6+2} = \frac{4}{8} = 0.5 \text{ Amp} \Rightarrow v = iR_p = 6 \times 0.5 = 3 \text{ volt}$

10. কোন পরিবাহীর মধ্য দিয়ে 1sec এ 1টি ইলেকট্রন পরিবাহিত হলে বিদ্যুৎ প্রবাহের পরিমাণ-

[BSMRSTU: 2014-15]

- A. 1A B. 1mA C. $1.6 \times 10^{-19}A$ D. $1.6 \times 10^{-19}mA$

[S@Why] $Q = it$ বা, $i = \frac{Q}{t} = \frac{1.6 \times 10^{-19}}{1} = 1.6 \times 10^{-19}Amp$

11. 1 ফ্যারাড অর্থ কি?

- A. 1 Coul/V
C. 1 Cal
B. 1 Amp/V
D. 1 বিভব

[ANS: A]

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 1 ঘণ্টায় একটি 300 W এর টিভি সেট কিংবা 10 মিনিটে 1200 W এর একটি ইন্ড্রি কোনটি শক্তি কম ব্যয় করবে? [BSFMSTU-A: 2019-20]

A. টিভি B. ইন্ড্রি C. সমান D. কোনোটিই নয়

[S(B)Why] টিভি সেটের ব্যয়িত শক্তি, $W = \frac{300}{1000} \times 1 = 0.3 \text{ kwh}$

ইন্ড্রির ব্যয়িত শক্তি, $W = \frac{1200}{1000} \times \frac{10}{60} = 0.2 \text{ kwh}$

02. মিটার ব্রিজ কোন নীতির ভিত্তিতে কাজ করে? [BSFMSTU-A: 2019-20]

A. অ্যাম্পিয়ারের সূত্র B. হুইটস্টোন ব্রিজ নীতি
C. ওহমের সূত্র D. কির্শফের সূত্র


[ANS: B]

[S(B)Why] মিটার ব্রিজ হুইটস্টোন ব্রিজ নীতির উপর ভিত্তি করে কাজ করে।

STEP 04 PRIME TEST Time: 15


01. কোন গ্যালভানোমিটারের রোধ 90Ω । 80% প্রবাহ শক্তি দিয়ে গেলে শক্তির রোধ-
A. 22Ω B. 22.4Ω C. 22.5Ω D. 22.3Ω

02. Conductor এর রোধ বনাম তাপমাত্রা গ্রাফ-



03. একই রোধের আমার দুটি তারের দৈর্ঘ্য 1:9 তাদের ব্যাসের অনুপাত কত?
A. 1:3 B. 3:1 C. 9:1 D. 1:9

04. A ও B এর মাঝে তুল্য রোধ কত?



- A. 4Ω B. 2Ω C. 34Ω D. $14/15 \Omega$

05. 0°C তাপমাত্রায় একটি কয়েলের রোধ 2Ω এবং রোধের উষ্ণতা গুণক $\alpha = 0.004/^\circ\text{C}$ হলে, 100°C তাপমাত্রায় কয়েলের রোধ হবে-

- A. 1.4Ω B. 0Ω C. 4Ω D. 2.8Ω

06. যদি R রোধ বিশিষ্ট একটি আমার তারের দৈর্ঘ্য দ্বিগুণ করা হয় তাহলে তার আপেক্ষিক রোধ হবে-

- A. দ্বিগুণ B. এক-চতুর্থাংশ C. চারগুণ D. একই

07. সমান রোধ বিশিষ্ট দুইটি আমার তারের দৈর্ঘ্য যথাক্রমে 1m ও 9m। তার দুইটির ব্যাসার্ধের অনুপাত হবে-

- A. 3:1 B. 1:3 C. 9:1 D. 1:9

08. দুটি 25 watt এবং 100 watt বৈদ্যুতিক বাসকে অনুক্রমিক সমবায়ে যুক্ত করে তড়িৎ সংযোগ দেয়া হলো। তাহলে-

- A. 100 watt বাস উজ্জ্বলতরভাবে জ্বলবে B. 25 watt বাস উজ্জ্বলতরভাবে জ্বলবে
C. উভয় বাস সমান উজ্জ্বলতায় জ্বলবে D. উপরের কোনটিই না

09. একটি 40 W ও একটি 60 W বাতিকে শ্রেণি সমবায়ে সাজানো হলে, কোন বাতিটি বেশি উজ্জ্বল আলো দিবে?

- A. 40 W lamp B. 60 W lamp
C. দুইটির উজ্জ্বল্য সমান D. সাপ্লাইয়ের ভোল্টেজের উপর নির্ভর করবে


10. 450 W এর IPS এর মাধ্যমে নীচের কোন লোড চালান সম্ভব হবে যখন প্রতিটি ফ্যান 90 W এবং প্রতিটি বাতি 45 W ব্যবহার করে।

- A. 4 fans & 3 light B. 3 fans & 4 light
C. 3 fans & 5 light D. 4 fans & 4 light

11. 3Ω রোধের একটি তারকে সমবাহু ত্রিভুজের আকারে বাঁকানো হল। এর একটি বাহুর প্রান্তদ্বয়ের মধ্যবর্তী রোধের মান হবে-

- A. $\frac{2}{3} \Omega$ B. $\frac{3}{2} \Omega$ C. 1Ω D. $\frac{7}{2} \Omega$

12. নিচের বর্তনীতে সংযুক্ত অ্যামিটার ও ভোল্টমিটারের পার্সের মান হবে-



- A. 1 Amp and 220 V B. 1 Amp and 0 V
C. 0 Amp and 0 V D. 0 Amp and 220 V

13. L দৈর্ঘ্য এবং R রোধ-বিশিষ্ট একটি পটেনশিওমিটারের তারের মধ্যে তড়িৎ প্রবাহের মাত্রা 'I' হলে, বিভবের পরিবর্তনের হার হবে-

- A. $\frac{IR}{L}$ B. IRL C. $\frac{RL}{I}$ D. $\frac{IL}{R}$

14. একটি 15V, 1000Ω ভোল্টমিটার দিয়ে 150 V পর্যন্ত পরিমাপ করতে হলে এ সাথে শ্রেণী সমবায়ে যে রোধক যুক্ত করতে হবে তা হল-

- A. 1000Ω B. 900Ω C. 9000Ω D. 999Ω

15. একটি বৈদ্যুতিক ড্রিল 220 V এ চালিত হয়ে 6 A প্রবাহ টানে। বৈদ্যুতিক ড্রিল এক মিনিটে কি পরিমাণ বৈদ্যুতিক শক্তি ব্যবহার করে?

- A. $7.92 \times 10^4 \text{ J}$ B. $1.32 \times 10^3 \text{ J}$
C. $7.92 \times 10^3 \text{ J}$ D. $1.32 \times 10^4 \text{ J}$


16. একটি ক্রিস্টালাইন বর্তনীতে 3 ওহম ও 6 ওহম রোধদ্বয় শ্রেণীসমবায়ে যুক্ত আছে। যদি 3 ওহম রোধে তড়িৎ প্রবাহ 4 অ্যাম্পিয়ার হয়, তাহলে 6 ওহম রোধে দু'প্রান্তে বিভব পার্থক্য কত হবে?

- A. 2V B. 8V
C. 24V D. 12V

17. একটি বাড়ির মেইন মিটারে 5 amp-220 volt চিহ্নিত করা আছে। ঐ বাড়ি নিরাপদভাবে 100 watts এর ক'টি বাস ব্যবহার করা যাবে?

- A. 10 B. 11 C. 22 D. 20

18. বর্তনীতে মোট রোধ কত হবে?



- A. $\frac{1}{3} R$ B. $\frac{1}{2} R$ C. $\frac{5}{6} R$ D. 5R

19. 95Ω রোধবিশিষ্ট একটি গ্যালভানোমিটারের ভিতর দিয়ে মূল তড়িৎ প্রবাহ 5% চালনা করতে চাইলে গ্যালভানোমিটারের প্রান্তদ্বয়ের সাথে কত মানের সাহায্যকর রোধ ব্যবহার করতে হবে?

- A. 5Ω B. $5 \text{ k}\Omega$ C. 0.2Ω D. 23.77Ω

20. প্রতিটি 60 W-এর 5টি বাতি কয়েক ঘণ্টা করে জ্বালানো হয়। প্রতি ইউনিট বিদ্যুৎ মূল্য 3.00 টাকা এবং মাসে (30 দিন) বিদ্যুৎ বিল 162.00 টাকা হলে দৈনিক বিদ্যুৎ ব্যবহারের সময়কাল-

- A. 10 B. 6 C. 8 D. 4

21. 100Ω রোধ বিশিষ্ট একটি তারকে টেনে 4 গুণ লম্বা করা হল। লম্বাকৃত তারের রোধ নির্ণয় কর।

- A. 1600Ω B. 800Ω
C. 400Ω D. 100Ω

22. দুইটি সমমানের রোধ শ্রেণী এবং সমান্তরালে সংযুক্ত করলে সমতুল্য রোধ দুইটির মধ্যে সম্পর্ক নির্ণয় কর।

- A. 4 times B. 2 times C. Equal D. 3 times


23. 120Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে 30Ω রোধের একটি সাহায্যকর রোধ ব্যবহার করা হলে মূল প্রবাহের কত অংশ গ্যালভানোমিটারের মধ্যে দিগ্ধ প্রবাহিত হবে?

- A. 50% B. 40%
C. 30% D. 20%

24. 9Ω রোধের একটি আমার তারকে আয়তন অপরিবর্তিত রেখে তিনগুণ লম্বা করা হলো। এই অবস্থায় তারটির রোধ-কত?

- A. 81Ω B. 21Ω C. 24Ω D. 27Ω

25. বর্তনীর A এবং B বিন্দুতে তুল্যরোধ কত?



- A. 6Ω B. 4Ω C. $\frac{3}{2}\Omega$ D. $\frac{2}{3}\Omega$

OMR SHEET		
01. (A) (B) (C) (D)	09. (A) (B) (C) (D)	17. (A) (B) (C) (D)
02. (A) (B) (C) (D)	10. (A) (B) (C) (D)	18. (A) (B) (C) (D)
03. (A) (B) (C) (D)	11. (A) (B) (C) (D)	19. (A) (B) (C) (D)
04. (A) (B) (C) (D)	12. (A) (B) (C) (D)	20. (A) (B) (C) (D)
05. (A) (B) (C) (D)	13. (A) (B) (C) (D)	21. (A) (B) (C) (D)
06. (A) (B) (C) (D)	14. (A) (B) (C) (D)	22. (A) (B) (C) (D)
07. (A) (B) (C) (D)	15. (A) (B) (C) (D)	23. (A) (B) (C) (D)
08. (A) (B) (C) (D)	16. (A) (B) (C) (D)	24. (A) (B) (C) (D)
		25. (A) (B) (C) (D)

Answer Analysis

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
01	C	$I_s = \frac{GI}{G+S} \Rightarrow 0.8 = \frac{90}{90+S} \Rightarrow S = 22.5 \Omega$
02	C	আমরা জানি, $R_\theta = R_0(1 + \alpha\theta) \Rightarrow R_\theta = R_0 + \alpha R_0\theta$; [α, R_0 ধ্রুবক] $\therefore [y = mx + c$ আকারে সরলরেখা]
03	A	$\frac{L_1}{A_1} = \frac{L_2}{A_2}$; [$R = \rho \frac{L}{A}$; R, ρ constant] $\Rightarrow \frac{1}{A_1} = \frac{9}{A_2} \Rightarrow \frac{d_1^2}{d_2^2} = \frac{1}{9} \therefore \frac{d_1}{d_2} = \frac{1}{3}$
04	D	উপরের বর্তনীটিকে লেখা যায়, স্পষ্টত এটি হইস্টোন ব্রিজ, তাই নীতি অনুসারে 10Ω এর মধ্য দিয়ে কারেন্ট যাবে না, এটা গণনায় আসবে না, তুল্য রোধ; $R_{eq} = \left\{ \left(\frac{1}{2} + \frac{1}{2} \right)^{-1} + (7+7)^{-1} \right\}^{-1} = \frac{14}{15} \Omega$
05	D	$R_t = R_0(1 + \alpha t) = 2 \times (1 + 0.04 \times 100) = 2.8 \Omega$
06	D	পরিবাহী পদার্থ অপরিবর্তিত থাকলে ভিন্ন ভিন্ন তড়িৎ প্রবাহের জন্য আপেক্ষিক রোধের মান একই থাকে।
07	B	সমান রোধের ক্ষেত্রে, R ধ্রুব ফলে, $\frac{L}{A} =$ ধ্রুবক $\Rightarrow L \propto A$ $\therefore \frac{A_2}{A_1} = \frac{L_2}{L_1} = \frac{9}{1} \Rightarrow \frac{r_2^2}{r_1^2} = \frac{9}{1} \Rightarrow r_1 : r_2 = 1 : 3$
08	B	আমরা জানি, $P = \frac{V^2}{R}$ $\Rightarrow R_{25} = \frac{V^2}{25}$; $R_{100} = \frac{V^2}{100}$ $\therefore R_{25} > R_{100}$ [\therefore হর যার বড় সে সবচেয়ে ছোট] অনুক্রমিক সমবায়ে সকল বাত্বের মধ্যে দিয়ে I তড়িৎ প্রবাহিত হবে। সেক্ষেত্রে $P = I^2 R$ অর্থাৎ $P \propto R$ হবে। সুতরাং 25W এর বাত্বের রোধ বেশি হওয়ায় সিরিজ সংযোগে উজ্জ্বলতর ভাবে জ্বলবে।
09	A	বেশি সমবায়ে কম ক্ষমতার (বা ওয়াটের) বাত্ব উজ্জ্বলতরভাবে জ্বলে।

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
10	B	A. এর জন্য = $4 \times 90 + 3 \times 45 = 495$ W B. এর জন্য = $3 \times 90 + 4 \times 45 = 450$ W C. এর জন্য = $3 \times 90 + 5 \times 45 = 495$ W D. এর জন্য = $4 \times 90 + 4 \times 45 = 540$ W
11	A	$R = \left(\frac{1}{\frac{1}{2} + \frac{1}{1}} \right)^{-1} = \left(\frac{3}{2} \right)^{-1} = \frac{2}{3} \Omega$
12	D	ভোল্টমিটারের রোধ অনেক বেশি (তাত্ত্বিক ভাবে অসীম) এবং অ্যামিটারের রোধ অনেক কম (তাত্ত্বিক ভাবে শূন্য)। ভোল্টমিটারের রোধ অনেক বেশি হওয়ায় সিরিজ সমবায়ে বর্তনীতে তড়িৎ প্রবাহ হবে না বললেই চলে। আর অ্যামিটারের রোধ প্রায় শূন্য বিবেচনা করে এ অংশে শর্ট সার্কিট হবে এবং ভোল্টমিটার শুধু কোয়ের বিভব দেখাবে।
13	A	দৈর্ঘ্য সাপেক্ষে (প্রতি একক দৈর্ঘ্যে) বিভবের পরিবর্তনের হার $= \frac{V}{L} = \frac{IR}{L}$
14	C	$n = \frac{150}{15} = 10$ $\therefore R = (n-1) \times r = (10-1) \times 1000 \Omega = 9000 \Omega$
15	A	$W = Pt = VIt = 220 \times 6 \times 60 = 7.92 \times 10^4$ J
16	C	যেহেতু দুইটি রোধে বিদ্যুৎ প্রবাহের মান একই, তাই $V = IR = 4 \times 6V = 24V$
17	B	বাত্বের ক্ষমতা, $P = VI = 220 \times 5W = 1100W$
18	C	$\frac{1}{R_{p1}} = \frac{1}{R} + \frac{1}{R} + \frac{1}{R}$ $\Rightarrow \frac{1}{R_{p1}} = \frac{1+1+1}{R} = \frac{3}{R}$ $\therefore R_{p1} = \frac{R}{3}$ আবার, $\frac{1}{R_{p2}} = \frac{1}{R} + \frac{1}{R} = \frac{1+1}{R} = \frac{2}{R} \therefore R_{p2} = \frac{R}{2}$ এখন, $R_{p1} + R_{p2} = \frac{R}{3} + \frac{R}{2} = \frac{2R+3R}{6} = \frac{5}{6} R$
19	A	$\frac{1}{I} = \frac{S}{G+S} \Rightarrow \frac{5}{100} = \frac{S}{95+S}$ $\Rightarrow 475 + 5S = 100S$ $\Rightarrow 95S = 475 \Rightarrow S = 5 \Omega$
20	B	$P = (60 \times 5 \times x \times 30) Wh = 9000x Wh = 9x kWh$ তাহলে $3 \times 9x = 162 \Rightarrow x = 6$ hour
21	A	$R_2 = n^2 \times R_1 = 4^2 \times 100 = 1600 \Omega$
22	A	$\frac{R_s}{R_p} = n^2$ $\therefore R_s = 2^2 \times R_p = 4R_p$
23	D	$\frac{I'}{I} = \frac{R_s}{R_g + R_s} \times 100\% = \frac{30}{150} \times 100\% = 20\%$ $\Rightarrow I' = I$ এর 20%
24	A	নতুন রোধ $R' = n^2 R = n^2 \times 9 = 3^2 \times 9 \Omega = 81 \Omega$
25	D	$\frac{1}{R_p} = \frac{1}{2} + \frac{1}{R_{s1}} + \frac{1}{R_{s2}} + \frac{1}{2} = \frac{1}{2} + \frac{1}{2+2} + \frac{1}{2+2} + \frac{1}{2}$ $= \frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{4} + \frac{1}{2} = \frac{2+1+1+2}{4} = \frac{6}{4} = \frac{3}{2} \therefore R_p = \frac{2}{3} \Omega$



STEP 01 SUGGESTION এ অধ্যায় থেকে ০১-০২ টা প্রশ্ন আসতে পারে।

CONCEPT NO	বিগত বছরে যে সকল টপিকস্ থেকে প্রশ্ন এসেছে	গুরুত্ব
01	ভৌত আলোকবিজ্ঞান এবং ম্যালাসের সূত্র	*
02	আলোর তত্ত্বসমূহ	**
03	বর্ণালী সংক্রান্ত তথ্যাবলী	*
04	আলোর ব্যতিচার	**
05	আলোকের অপবর্তনের গুরুত্বপূর্ণ তথ্যাবলী	*
06	আলোর সমবর্তনের তথ্যসমূহ	*
000	Concept ভিত্তিক গাণিতিক প্রয়োগ	*

THEORY

CONCEPT 01 ভৌত আলোকবিজ্ঞান এবং ম্যালাসের সূত্র

- ম্যালাসের সূত্র: সমবর্তিত আলো বিশ্লেষকের মধ্য দিয়ে গমনের ফলে এর তীব্রতা সমবর্তক ও বিশ্লেষকের নিঃসরন ডলের মধ্যবর্তী কোনের cosine এর বর্গের সমানুপাতিক। $I \propto \cos^2\theta$ বা, $I = I_0 \cos^2\theta$
- পয়েন্টিং ভেক্টর: কোন একক ক্ষেত্রফলের মধ্য দিয়ে যে পরিমাণ শক্তি অতিক্রম করে তাকে পয়েন্টিং ভেক্টর বলে।
 $\vec{S} = \vec{E} \times \vec{H}$; $\vec{B} = \vec{H}\mu_0$; $S = \frac{1}{\mu_0} (\vec{E} \times \vec{B})$
 [নোট: পয়েন্টিং ভেক্টর তড়িৎ চৌম্বক তরঙ্গের গতিপথে লম্বভাবে অবস্থিত থাকে।]
- আলোক বর্ষ: এক বছরে আলোক রশ্মি যে দূরত্ব অতিক্রম করে, তাকে আলোক বর্ষ বলে। আলোক বর্ষ দূরত্বের এক প্রকার একক।
 $1 \text{ আলোক বর্ষ} = \text{আলোর গড়বেগ} \times 1 \text{ বছরের সেকেন্ড সংখ্যা}$
 $= 3 \times 10^{10} \text{ cm/sec} \times (365 \times 24 \times 60 \times 60) \text{ sec}$
 $= 9.46 \times 10^{12} \text{ km} = 9.46 \times 10^{15} \text{ m}$

CONCEPT 02 আলোর তত্ত্বসমূহ

- আলোর চারটি তত্ত্ব রয়েছে। যথা: (ক) কণিকা তত্ত্ব, (খ) তরঙ্গ তত্ত্ব, (গ) তড়িৎ চৌম্বকীয় তত্ত্ব, (ঘ) কোয়ান্টাম তত্ত্ব।
- কণিকাতত্ত্ব: 1672 সালে স্যার আইজ্যাক নিউটন এ সম্পর্কে ধারণা দেন। দীপ্ত বস্তু হতে অসংখ্য ক্ষুদ্র কণিকা ঝাকে ঝাকে নির্গত হয়। যার ওজন নাই। এ তত্ত্বের সাহায্যে ব্যাখ্যা করা যায়:
 * ব্যাখ্যা করা যায় না: ব্যতিচার, সমবর্তন, অপবর্তন।
 * ট্রেটি: কণিকা তত্ত্ব অনুসারে: ঘন মাধ্যমে আলোর গতিবেগ হালকা মাধ্যম অপেক্ষা বেশী। প্রকৃত পক্ষে ঘন মাধ্যম অপেক্ষা হালকা মাধ্যমে আলোর বেগ বেশী।
- আলোর তরঙ্গ তত্ত্ব: আলোর তরঙ্গ আকারে এক স্থান হতে অন্য স্থানে যায়। আলো এক ধরণের আড় তরঙ্গ/অনুপ্রস্থ তরঙ্গ। 1678 সালে হাইগেনস এই ধারণা দেন।
 ব্যাখ্যা করা যায়: প্রতিফলন, প্রতিসরন, ব্যতিচার, অপবর্তন, সমবর্তন, প্রতিসারক বিভিন্ন মাধ্যমে আলোর বেগ। আলোর বেগ ঘন মাধ্যমে কম, হালকা মাধ্যমে বেশী।
 ব্যাখ্যা করা কষ্টকর: আলো সরল পথে চলে। ডুল: ইথার নামক মাধ্যমের কল্পনা। প্রকৃত পক্ষে ইথার নামক কোন বস্তুর অস্তিত্ব নেই।
- তড়িৎ চৌম্বকীয় তরঙ্গের বৈশিষ্ট্য:

- শূন্য মাধ্যমে তরঙ্গের বেগ $3 \times 10^8 \text{ ms}^{-1}$
- তড়িৎ চৌম্বকীয় তরঙ্গ চাপ প্রদান করে, যাকে বিকিরণ চাপ বলা হয়।
 * তড়িৎ চৌম্বকীয় তরঙ্গের নীতি ব্যবহার করে বৈদ্যুতিক চুম্বক (Electromagnet) এবং ম্যাগলেভ (Magnetic Levitation) প্রিন্টেরী করা হয়েছে।
 * শুধু আলোই নয়, বেতার তরঙ্গ, মাইক্রোওয়েভ তরঙ্গ, অবলোহিত রশ্মি, অতিবেগুনী রশ্মি, এক্স রশ্মি, গামা রশ্মি ইত্যাদি সবই তড়িৎ চৌম্বক তরঙ্গ

➤ সংক্ষেপে আলোর তত্ত্ব সমূহ:

তত্ত্বের নাম	ব্যাখ্যা করা যায়
কণিকা তত্ত্ব	• আলোর সরল গতি • প্রতিফলন • প্রতিসরন
তরঙ্গ তত্ত্ব	• প্রতিফলন • প্রতিসরন • ব্যতিচার • অপবর্তন
তড়িৎ চৌম্বকীয় তত্ত্ব	• সমবর্তন
কোয়ান্টাম তত্ত্ব	• আলোক তরঙ্গের তড়িৎ নিঃসরন • কম্পটন ক্রিয়া • রমন ক্রিয়া • ফটো তড়িৎ ক্রিয়া

CONCEPT 03 বর্ণালী সংক্রান্ত তথ্যাবলী

- বর্ণালী উৎস: পদার্থের অনু- পরমানু সব ধরনের বর্ণালীর মূল উৎস।
- ফ্রনহফারের রেখার ব্যবহারঃ
 • সূর্যে কি কি মৌলিক পদার্থ আছে জানা যায়।
 • সূর্যে এ পর্যায়ে 50টির বেশী মৌলিক পদার্থের সন্ধান পাওয়া গেছে।
 • সোনা, রূপা, পারদ সূর্যে নেই।
- বিভিন্ন গ্রহ-নক্ষত্রের উপাদান ও গঠন সম্বন্ধে জানা যায়।
 সারণী-১: তড়িৎ চৌম্বকীয় বর্ণালীর বৈশিষ্ট্য মূলক ছক:

তরঙ্গ পদ্ধি	তরঙ্গ দৈর্ঘ্যের পরিসর
বেতার তরঙ্গ	10^{-1} m থেকে 10^3 m
মাইক্রোওয়েভ তরঙ্গ	10^{-1} m থেকে 10^3 m
অবলোহিত রশ্মি	10^{-3} m থেকে $4 \times 10^{-7} \text{ m}$
দৃশ্যমান আলো	$3.9 \times 10^{-7} \text{ m}$ থেকে $7.8 \times 10^{-7} \text{ m}$
অতি বেগুনী রশ্মি	$3.9 \times 10^{-7} \text{ m}$ থেকে $3 \times 10^{-9} \text{ m}$
এক্সরে (X-ray)	$5 \times 10^{-8} \text{ m}$ থেকে $5 \times 10^{-15} \text{ m}$
গামা রশ্মি	10^{-11} m থেকে 10^{-15} m

লক্ষ্য করুন: তোমরা যদি তরঙ্গগুলো ক্রমান্বয়ে মনে রাখ তাহলে তরঙ্গদৈর্ঘ্য মনে রাখা সহজ হবে।

ক্রমান্বয়ে মনে রাখার জন্য-
 বুলবুল মাছের অদ্ভুত দৃশ্য অবলোকন করে এগিয়ে গেলে
 বেতার মাইক্রোওয়েভ অবলোহিত দৃশ্যমান অতিবেগুনী এক্সরে গামা

➤ সাতটি বর্ণের তরঙ্গ দৈর্ঘ্যের সীমা

বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)
বেগুনী	4000-4500
নীল	4500-4800
আসমানী	4800-5000
সবুজ	5000-5500
হলুদ	5500-6000
কমলা	6000-6500
লাল	6500-7000

CONCEPT 04 আলোর ব্যতিচার

- 1801 খ্রিস্টাব্দে বিজ্ঞানী টমাস ইয়ং আলোকের ব্যতিচার আবিষ্কার করেন।
- ব্যতিচার ঝালর (Interference fringe): কোন তলে বা পর্দার ব্যতিচার ঘটানো হলে সেখানে অনেকগুলো পরস্পর সমান্তরাল উজ্জ্বল ও অন্ধকার রেখা বা পট्टি পাওয়া যায়। এই উজ্জ্বল ও অন্ধকার রেখা বা ডোরালোককে একসঙ্গে আলোকের ব্যতিচার ঝালর বলে।
- ব্যতিচারের শর্ত:
 - উৎস দুটি ক্ষুদ্র ও সূক্ষ্ম হবে।
 - পর্যায়ক্রমিক উজ্জ্বল ও অন্ধকার বিন্দুর জন্য পথ পার্থক্য যথাক্রমে অর্ধতরঙ্গ দৈর্ঘ্যের $(\frac{\lambda}{2})$ যুগ্ম ও অযুগ্ম গুণিতক হবে।
 - তরঙ্গ দুটির তরঙ্গ দৈর্ঘ্য ও কম্পাঙ্ক সমান হতে হবে।
 - ধ্বংসাত্মক ব্যতিচারের জন্য তরঙ্গ দুটির বিস্তার সমান ও দশা বিপরীত হতে হবে।
- গঠনমূলক ও ধ্বংসাত্মক ব্যতিচারের পার্থক্য:

প্রকার	গঠনমূলক ব্যতিচার	ধ্বংসাত্মক ব্যতিচার
সংজ্ঞা	দুটি উৎস হতে সমান কম্পাঙ্ক ও বিস্তারের দুটি আলোক তরঙ্গের উপরিপাতনের ফলে উজ্জ্বল বিন্দু পাওয়া গেলে তাকে গঠনমূলক ব্যতিচার বলে।	দুটি উৎস হতে সমান কম্পাঙ্ক ও বিস্তারের দুটি আলোক তরঙ্গের উপরিপাতনের ফলে অন্ধকার বিন্দু পাওয়া গেলে তাকে ধ্বংসাত্মক ব্যতিচার বলে।
তরঙ্গের উপরিপাতন	সমদশায়।	বিপরীত দশায়।
লক্ষ্য তীব্রতা	আলাদা আলাদা তরঙ্গের তীব্রতার চেয়ে বেশি।	আলাদা আলাদা তরঙ্গের তীব্রতার চেয়ে কম।
গঠনের শর্ত	পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর জোড় বা যুগ্ম গুণিতক। অর্থাৎ পথ পার্থক্য $2n\frac{\lambda}{2}$	পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম বা বিজোড় গুণিতক। অর্থাৎ পথ পার্থক্য $= (2n + 1)\frac{\lambda}{2}$
	উপরিপাতিত তরঙ্গদ্বয়ের পথপার্থক্য $\frac{\lambda}{2}$ এর যুগ্ম জোড় গুণিতক।	উপরিপাতিত তরঙ্গদ্বয়ের পথপার্থক্য $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম বিজোড় গুণিতক।

CONCEPT 05 আলোকের অপবর্তনের গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- চির বা Slit: সরু ছিদ্র পথে দৈর্ঘ্যের তুলনায় সরু ছিদ্রের প্রস্থের মান খুব কম হলে তাকে চির বা Slit বলে।
- অপবর্তন গ্রেটিং: বহু সংখ্যক সরু চির বিশিষ্ট কাচের পাতকে অপবর্তন গ্রেটিং বলে। তবে প্রাস্টিক দিয়ে অপবর্তন গ্রেটিং তৈরী করা যায়।

ব্যতিচার ও অপবর্তনের মধ্যে পার্থক্য:

ব্যতিচার	অপবর্তন
দুটি সুসঙ্গত উৎস হতে একই মাধ্যমের কোন বিন্দুতে আলোকে তরঙ্গ মালার উপরিপাতন এর ফলে ব্যতিচার সৃষ্টি হয়।	একটি তরঙ্গ মুখের বিভিন্ন অংশ হতে নির্গত গৌণ তরঙ্গসমূহের ব্যতিচারের ফলে অপবর্তন সৃষ্টি হয়।
ব্যতিচারের ঝালরে সাধারণত পট्टিগুলোর বেধ সমান। আবার কখনও অসমানও হয়।	অপবর্তন ঝালরে পট्टিগুলোর বেধ কখনও সমান হয় না।
ব্যতিচারে উজ্জ্বল পট्टি ও অন্ধকার পট्टিগুলোর অন্তর্বর্তী দূরত্বগুলো সমান থাকে।	অপবর্তনের অন্ধকার পট्टিতে কিছু আলো থাকে। ইহা সম্পূর্ণ অন্ধকার নহে।
ব্যতিচার সব উজ্জ্বল পট्टিগুলোর আলোক প্রাবল্য সমান থাকে।	অপবর্তনে উজ্জ্বল পট्टিগুলোর প্রত্যেকটিতে আলোক প্রাবল্য কখনই সমান থাকে না। এই প্রাবল্য মান কেন্দ্রীয় পট्टিতে সর্বাধিক হয় এবং উভয় পার্শ্ব পট्टিগুলোতে এ প্রাবল্য ক্রমশঃ হ্রাস পায়।

- তীব্রতার নির্ভরশীলতা:
 - বিস্তার: তীব্রতা বিস্তারের বর্গের সমানুপাতিক
 - ফোটন সংখ্যা: তীব্রতা ফোটন সংখ্যার সমানুপাতিক
 - কোন তলে আলোক রশ্মি লম্ব ভাবে না পড়ে তীব্রত ভাবে পড়লে তীব্রতা হ্রাস পায়।
- আলোর তীব্রতা সর্বোচ্চ অর্থাৎ উজ্জ্বল হওয়ার শর্ত হলো পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর 2 যুগ্ম গুণিতক হবে।
- আলোর তীব্রতা সর্বনিম্ন অর্থাৎ অন্ধকার হওয়ার শর্ত হলো পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম গুণিতক হতে হবে। $x = (2n + 1)\frac{\lambda}{2}$
- [অসমবর্তিত আলো একটি বিশেষ কোণে আপতিত হলে প্রতিফলিত রশ্মি সমবর্তিত হয়। কাচ প্রতিফলনের ক্ষেত্রে এই কোণের মান 57.5°]

- কিছু গুরুত্বপূর্ণ তথ্য:
 - * 621 লুমেন = 1 watt
 - * দীপন ক্ষমতার একক ক্যান্ডেলা।
 - * অপবর্তন গ্রেটিং এর প্রকারভেদ: অপবর্তন গ্রেটিং দুই প্রকার যথা:
 - (১) নিঃসরণ বা নির্গমন গ্রেটিং;
 - (২) প্রতিফলন গ্রেটিং।
 - * গ্রেটিং এর ব্যবহার:
 - আলোকের তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয় করা যায়।
 - একই তরঙ্গ দৈর্ঘ্যের দুটি বর্ণালী রেখা পৃথক করা যায়।
 - তরঙ্গ দৈর্ঘ্যের সাপেক্ষে অপবর্তন কোণের পরিবর্তনের হার নির্ণয় করা যায়।

CONCEPT 06 আলোর সমবর্তনের তথ্যসমূহ

- আলোকের সমবর্তন: যে প্রক্রিয়ায় বিভিন্ন তলে কম্পমান আলোকে তরঙ্গকে একটি নির্দিষ্ট তল বরাবর কম্পমান করা যায় তাকে আলোকের সমবর্তন বলে।
 - * টুর্মালিন কেলাস পরীক্ষা দ্বারা আলোর সমবর্তন ব্যাখ্যা করা যায়।
 - কম্পন তল: আলোক তরঙ্গের কণাসমূহ যে তলে কম্পিত হয় তাকে কম্পন তল বলে।

STEP 02 DISCUSSION Concept ভিত্তিক গাণিতিক প্রশ্নোত্তর

CONCEPT 01 তড়িৎক্ষেত্র, চৌম্বকক্ষেত্র ও আলোর বেগ সংক্রান্ত গাণিতিক প্রশ্নোত্তর

- সূত্র i. $E = E_0 \sin(x - ct)$
 $E_0 =$ তড়িৎক্ষেত্রের শীর্ষমান
- ii. $B = B_0 \sin(x - ct)$
 $B_0 =$ চৌম্বকক্ষেত্রের শীর্ষমান
- iii. $c = \frac{E_0}{B_0} = \frac{E}{B}$; $c =$ আলোর বেগ
- আলোর বেগ, প্রতিসরাঙ্ক ও তরঙ্গদৈর্ঘ্যের মধ্যে সম্পর্ক,
 $\mu_2 = \frac{c_1}{c_2} = \frac{\lambda_1}{\lambda_2} = \frac{\mu_2}{\mu_1}$

MEx 01 কোন তাড়িত চৌম্বক তরঙ্গের সর্বোচ্চ চৌম্বকক্ষেত্রের মান 3.3×10^{-7} এর সর্বোচ্চ তড়িৎ ক্ষেত্রের মান কত?

Solve $c = \frac{E_0}{B_0}$
 $\Rightarrow E_0 = cB_0 = 3 \times 10^8 \times 3.3 \times 10^{-7} = 99 \text{ Nc}^{-1}$

MEx 02 কোন বেতার তরঙ্গের $E_0 = 2 \times 10^{-4} \text{ Vm}^{-1}$ । B_0 এর মান কত?

Solve $B_0 = \frac{E_0}{c} = \frac{2 \times 10^{-4}}{3 \times 10^8}$
 $\therefore B_0 = 6.674 \times 10^{-13} \text{ Tesla}$

CONCEPT 02 দশা পার্থক্য ও পথ পার্থক্য সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য $\therefore \delta = \frac{2\pi}{\lambda} \times x$

MEx 01 12cm তরঙ্গবিশিষ্ট দুটি তরঙ্গের পথ পার্থক্য 6cm তরঙ্গ দুটির মধ্যে দশা পার্থক্য কত?

Solve দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য

$$\Rightarrow \text{দশা পার্থক্য} = \frac{2\pi}{12} \times 6$$

$$\therefore \text{দশা পার্থক্য} = \pi$$

MEx 02 একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\frac{\lambda}{2}$ বিন্দুদ্বয়ের দশা পার্থক্য হবে-

Solve দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times \frac{\lambda}{2} = \pi$

CONCEPT 03 ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষা/ব্যতিচার সংক্রান্ত সমস্যাবলী সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র i. ডোরার প্রস্থ, $X = \frac{\lambda D}{2a}$ [একবর্ণী আলোর ক্ষেত্রে]

$2a =$ চির দুইটির মধ্যবর্তী দূরত্ব; $n =$ ডোরার ক্রম/অবমের ক্রম,
 $D =$ চির থেকে পর্দার দূরত্ব

ii. $\Delta X = \frac{\lambda D}{a}$ (ডোরার ব্যবধান)

= পরপর দুটি উজ্জ্বল বা অন্ধকার ডোরা/পত্রির মধ্যবর্তী দূরত্ব

iii. কেন্দ্রীয় চরম থেকে n -তম উজ্জ্বল ডোরার দূরত্ব

$$X_n = \frac{n\lambda D}{a} = 2n \cdot \frac{\lambda D}{2a}$$

iv. কেন্দ্রীয় চরম থেকে n -তম অন্ধকার ডোরার দূরত্ব

$$X_n = (2n + 1) \frac{\lambda D}{2a}$$

MEx 01 ইয়ং-এর দ্বি-চির পরীক্ষায় চির দুটির মধ্যবর্তী দূরত্ব 4.0 mm। এ চির হতে 1m দূরত্বে পর্দার উপরে ডোরার প্রস্থ 0.295 mm পাওয়া গেলে আলোর তরঙ্গদৈর্ঘ্য বের কর।

Solve ডোরার প্রস্থ, $x = \frac{\lambda D}{2a}$ \therefore আলোর তরঙ্গ দৈর্ঘ্য,

$$\lambda = \frac{2ax}{D} = \frac{4 \times 10^{-3} \times 0.295 \times 10^{-3}}{1} = 1.18 \times 10^{-6} \text{ m}$$

MEx 02 ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষণে চিড় থেকে 1m দূরে একটি উজ্জ্বল ডোরার প্রস্থ 0.5 mm। চিড় দুটির মধ্যে দূরত্ব 0.2 mm হলে আলোর তরঙ্গ দৈর্ঘ্য কত?

Solve $x_n = \frac{\lambda D}{2a}$

$$\Rightarrow \lambda = \frac{x_n 2a}{D} = \frac{0.2 \times 10^{-3} \times 0.5 \times 10^{-3}}{1} = 10^{-7} \text{ m}$$

MEx 03 পরস্পর থেকে s দূরত্বে অবস্থিত দুইটি সমান্তরাল চিরকে একবর্ণী আলো দ্বারা আলোকিত করে চির থেকে D দূরত্বে অবস্থিত পর্দায় ব্যতিচার পত্রি পাওয়া গেল। ধরা যাক ডোরার প্রস্থ x , যদি s এবং D উভয়কে দ্বিগুণ করা হয় তবে ডোরার প্রস্থের মান কী হবে?

Solve $\frac{x_2}{x_1} = \frac{d_2}{d_1} \times \frac{s_1}{s_2}$

$d =$ পর্দার দূরত্ব $s =$ চির দুটির মধ্যে দূরত্ব

$$\Rightarrow x_2 = \frac{2d}{d} \times \frac{s}{2s} \times x = x = \text{ডোরার প্রস্থ}$$

CONCEPT 04 অপবর্তন সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র \gg একক চিরের দরুন অপবর্তন

i. অবমের শর্ত, $a \sin \theta_n = n\lambda = 2n \cdot \frac{\lambda}{2}$ [$n = 0$ হবে না]

[অপবর্তনের যেইটা অবমের শর্ত গ্রেটিং এ সেটা চরমের শর্ত]

ii. চরমের শর্ত, $a \sin \theta_n = (2n + 1) \frac{\lambda}{2}$

[এই সূত্র দিয়ে কেন্দ্রীয় চরম পাওয়া যাবে না মনে রাখতে হবে, কেন্দ্রীয় চরম 0° তে থাকে।]

\gg গ্রেটিং কর্তৃক অপবর্তন:

i. চরমের শর্ত, $d \sin \theta_n = n\lambda \Rightarrow \sin \theta_n = \frac{1}{d} n\lambda = Nn\lambda = N(2n) \frac{\lambda}{2}$

[$d =$ গ্রেটিং, ধ্রুবক $d = \frac{1}{N}$; $d = a + b$]

[$N =$ প্রতি একক দৈর্ঘ্যের চিড় সংখ্যা; $N = \frac{1}{a + b}$]

ii. অবমের শর্ত, $d \sin \theta_n = (2n + 1) \frac{\lambda}{2} = \sin \theta_n = N(2n + 1) \frac{\lambda}{2}$

$d =$ গ্রেটিংয়ের এক চিরের মধ্যবিন্দু ও এর পাশের চিরের মধ্যবিন্দুর মধ্যের দূরত্ব।

MEx 01 একটি গ্রেটিং এ 3cm জায়গায় 15000টি দাগ আছে। যদি এ গ্রেটিং এর উপর 6000\AA তরঙ্গ দৈর্ঘ্যের আলো লম্বভাবে আপতিত হয় তবে সর্বাধিক কত ক্রমের অপবর্তন দেখা যেতে পারে?

Solve $N = \frac{15000}{3} \text{ cm}^{-1} = 500 \times 100 \text{ m}^{-1}$; এখন, $\frac{\sin \theta}{N} = n\lambda$

$$\Rightarrow n = \frac{\sin \theta}{N\lambda} = \frac{\sin 90^\circ}{5000 \times 100 \times 6000 \times 10^{-10}} = 3$$

CONCEPT 05 দীপন তীব্রতা সংক্রান্ত গাণিতিক প্রয়োগ

সূত্র $I = \frac{P}{4\pi r^2} \Rightarrow I \propto P, I \propto \frac{1}{r^2}, I \propto \frac{1}{A}$;

$$\frac{I_2}{I_1} = \left(\frac{r_2}{r_1}\right)^2; \frac{I_2}{I_1} = \frac{P_2}{P_1}; \frac{I_2}{I_1} = \frac{A_1}{A_2} \quad [A = \text{ক্ষেত্রফল}]$$

[$I =$ আলোর দীপন তীব্রতা, $P =$ দীপন ক্ষমতা]

$r =$ পর্দা থেকে আলোক উৎসের দূরত্ব]

MEx 01 দুইটি সমান দীপক কোন একটি পর্দা হতে যথাক্রমে 40cm ও 60cm দূরে বিপরীত পাশে অবস্থিত। পর্দার দুপাশের দীপন মাত্রা তুলনা কর।

Solve $\frac{I_1}{I_2} = \left(\frac{r_2}{r_1}\right)^2 = \left(\frac{60}{40}\right)^2 = 9:4$

MEx 02 কোন একটি পর্দার বিপরীত পাশে সমান দীপন ক্ষমতার দুইটি আলোক উৎস যথাক্রমে 10cm ও 20cm দূরে অবস্থিত। পর্দার দুপাশের দীপন তীব্রতার তুলনা কর।

Solve $\frac{I_1}{I_2} = \left(\frac{r_2}{r_1}\right)^2 \Rightarrow \frac{I_1}{I_2} = \left(\frac{20}{10}\right)^2 = 4:1$

STEP 03 কিগত সালের প্রশ্নের ব্যাখ্যা ও প্যামালাল তথ্যসহ সমাধান**STEP 01** ANALYSIS OF GST QUESTION

01. কোনটি আলোর তরঙ্গ বৈশিষ্ট্য দ্বারা ব্যাখ্যা করা যায় না? [GST-A. 2022-2023]

- A. ব্যতিচার B. অপবর্তন
C. সমবর্তন D. ফটোইলেকট্রিক ক্রিয়া

[S@]Why আলোর তরঙ্গ তত্ত্বের সাহায্যে প্রতিসরণ, প্রতিফলন, ব্যতিচার, অপবর্তন ব্যাখ্যা করা গেলেও ফটোইলেকট্রিক ক্রিয়া ব্যাখ্যা করা যায় না। এটি ব্যাখ্যার জন্য কণা বৈশিষ্ট্যের প্রয়োজন পড়ে।

12. কোন তরঙ্গের সমবর্তন সম্ভব নয়? [GST-A. 2022-2023]
 A. বেতার তরঙ্গ B. মাইক্রো তরঙ্গ
 C. শব্দ তরঙ্গ D. দৃশ্যমান আলোক তরঙ্গ
SO Why অনুদৈর্ঘ্য তরঙ্গের ক্ষেত্রে সমবর্তন ঘটে না। উদাহরণ: শব্দ তরঙ্গ, পৃষ্ঠ ও এর দৈর্ঘ্য বরাবর তরঙ্গ।
 অনুপ্রস্থ তরঙ্গের ক্ষেত্রে সমবর্তন ঘটে। উদাহরণ: পানি তরঙ্গ, আলো তরঙ্গ, তাপ তরঙ্গ, তড়িৎ চৌম্বক তরঙ্গ।

13. শূন্যস্থানে কোন ভাঙিত চৌম্বকীয় তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য 6000Å হলে এর কম্পাঙ্ক কত Hz? [GST-A. 2021-2022]
 A. 5×10^{14} B. 6×10^{14} C. 5×10^{12} D. 6×10^{12}
SO Why $c = \lambda f$
 $\Rightarrow f = \frac{c}{\lambda} = \frac{3 \times 10^8}{6000 \times 10^{-10}} = 5 \times 10^{14} \text{ Hz}$

14. ইয়ং এর দ্বি-চিহ্ন পরীক্ষায় λ তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হয়। যদি পাশাপাশি দুটি উজ্জ্বল ডোরার দূরত্ব Δy হয় তবে কোনটি সঠিক? [GST-A. 2021-2022]
 A. $\Delta y \propto (1/\lambda)$ B. $\Delta y \propto \lambda^2$ C. $\Delta y \propto \lambda$ D. $\Delta y \propto (1/\lambda^2)$
SO Why $\Delta y = \frac{\lambda D}{a} \therefore \Delta y \propto \lambda$

15. ইয়ং এর দ্বি-চিহ্ন পরীক্ষায় n তম অন্ধকার ডোরা সৃষ্টিকারী তরঙ্গদ্বয়ের দশা পার্থক্য কোনটি? [GST-A. 2021-2022]
 A. $2n\pi$ B. $(2n + 1)\pi$
 C. $2n\pi$ এবং $(2n + 1)\pi$ D. কোনটিই নয়
SO Why অন্ধকার ডোরা বা ধ্বংসাত্মক ঝালরের ক্ষেত্রে শর্ত হচ্ছে দশা পার্থক্য $\frac{\pi}{2}$ এর অকুগা বা বিজোড় গুণিতক। অর্থাৎ $(2n + 1)\pi$ ।

16. ইয়ং এর ব্যতিচার প্রদর্শন পরীক্ষায় পর্দায় উৎপন্ন অন্ধকার বিন্দুর জন্য পথ পার্থক্য হচ্ছে- [$\lambda =$ তরঙ্গদৈর্ঘ্য এবং $n = 0, 1, 2, \dots$] [GST-A. 20-21]
 A. $n\lambda$ B. $(2n - 1)\lambda$ C. $(2n + 1)\lambda/2$ D. $(2n + 1)\lambda$
SO Why $\Delta x = a \sin \theta = (2n - 1)\lambda/2$ বা $(2n + 1)\lambda/2$
 $0, 1, 2, \dots \quad 1, 2, \dots$

PART (A) ANALYSIS OF GENERAL UNIVERSITY QUESTION

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

01. আলোর অনুদৈর্ঘ্য এবং অনুপ্রস্থ উভয় প্রকার তরঙ্গে সম্ভব নয়- [JnU. 17-18]
 A. ব্যতিচার B. অপবর্তন
 C. সমবর্তন D. কোনটিই নয় **Ans C**

02. Path difference (α) এবং Phase difference (δ) এর ক্ষেত্রে কোনটি সঠিক? [JnU: 2015-16]
 A. $\alpha = \frac{\lambda \delta}{2\pi}$ B. $\alpha = \frac{2\pi \delta}{\lambda}$ C. $\alpha = \frac{2\pi}{\delta \lambda}$ D. $\alpha = 2\pi \delta \lambda$
SO Why দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য
 $\Rightarrow \delta = \frac{2\pi}{\lambda} \cdot \alpha \Rightarrow \alpha = \frac{\lambda \delta}{2\pi}$

03. ইয়ং এর দ্বি-চিহ্ন পরীক্ষা সমর্থন করে- [JnU: 2015-16]
 A. আলোর কণা তত্ত্ব B. আলোর তরঙ্গ তত্ত্ব
 C. আলোর কণা ও তরঙ্গ উভয় তত্ত্ব D. কোনটিই নয় **Ans B**

04. এক আলোক বৎসর = কত? [JnU. 2014-15]
 A. $9.46 \times 10^{16} \text{ m}$ B. $9.46 \times 10^{15} \text{ m}$
 C. $9.46 \times 10^{14} \text{ m}$ D. $9.46 \times 10^{10} \text{ m}$ **Ans B**

05. আলোর তড়িৎ ত্রিন্মা (Photoelectric effect) সমর্থন করে আলোর- [JnU: 2014-15]
 A. কণা তত্ত্ব B. তরঙ্গ তত্ত্ব
 C. কোয়ান্টাম তত্ত্ব D. তড়িচ্চুম্বকীয় তত্ত্ব **Ans D**

06. পানির প্রতিসরাঙ্ক 1.33 হলে পানিতে আলোর বেগ কত? [JnU. 2013-14]
 A. $3 \times 10^8 \text{ m/s}$ B. $2.25 \times 10^8 \text{ m/s}$ C. 2.25 m/s D. $4.4 \times 10^{-7} \text{ m/s}$
SO Why $\mu_w = \frac{C_0}{C_w}$ বা, $C_w = \frac{3 \times 10^8}{1.33} = 2.2556 \times 10^8 \text{ m/s}$

07. গ্লিসারিনে আলোর বেগ $2.04 \times 10^8 \text{ ms}^{-1}$ । প্রতিসরাঙ্ক কত হবে? [JnU. 13-14]
 A. 1.74 B. 1.47 C. 2.47 D. 1.37
SO Why গ্লিসারিনের প্রতিসরাঙ্ক, $\mu_g = \frac{c_1}{c_2} = \frac{3 \times 10^8}{2.04 \times 10^8} = 1.47$

08. আলোক বর্ণের মাত্রা সমীকরণ? [JnU: 2012-13]
 A. [L] B. [LT⁻¹] C. [T] D. [T⁻¹] **Ans A**

09. সবচেয়ে কম তরঙ্গ দৈর্ঘ্য কার? [JnU: 2012-13]
 A. রেডিও তরঙ্গ B. এক্স রশ্মি
 C. অতিবেগুনী রশ্মি D. গামা রশ্মি **Ans D**

10. কোন রঙের আলোর কম্পাঙ্ক সবচেয়ে কম- [JnU: 2006-07; RU: 15-16]
 A. নীল B. লাল C. সবুজ D. হলুদ
SO Why • বেগুনী বর্ণের কম্পাঙ্ক সবচেয়ে বেশী।
 • লাল বর্ণের কম্পাঙ্ক সবচেয়ে কম।

খুলনা বিশ্ববিদ্যালয়

01. এক পারসেক কত আলোক বর্ষের সমান? [KU: 2018-19]
 A. 3.26 B. 3.36
 C. 3.46 D. 3.56 **Ans A**

02. দুটি তরঙ্গের মধ্যে ব্যতিচার ঘটে যখন তাদের- [KU: 2015-16]
 A. একই তরঙ্গ দৈর্ঘ্য ও দশা বিদ্যমান থাকে B. বিস্তার একই হয়
 C. তরঙ্গ দৈর্ঘ্য একই হয় D. বেগ একই হয় **Ans A**

03. নিচের কোন তরঙ্গকে সমবর্তন করা যায় না? [KU: 2015-16]
 A. বেতার তরঙ্গ B. এক্স-রে
 C. বায়ুতে শব্দ তরঙ্গ D. অবলোহিত তরঙ্গ **Ans C**

04. আলো যখন বায়ু থেকে কাঁচে প্রবেশ করে তখন আলোর তরঙ্গের কি পরিবর্তন হয়? [KU 13- 14]
 A. রং ও বেগ B. রং ও তরঙ্গ দৈর্ঘ্য
 C. কম্পাঙ্ক ও তরঙ্গ দৈর্ঘ্য D. বেগ ও তরঙ্গ দৈর্ঘ্য **Ans D**

05. দুটি তরঙ্গের মধ্যে ব্যতিচার ঘটে যখন তাদের- [KU: 2013-14]
 A. একই তরঙ্গ দৈর্ঘ্য ও দশা বিদ্যমান থাকে B. বিস্তার একই হয়
 C. তরঙ্গ দৈর্ঘ্য একই হয় D. বেগ একই হয় **Ans A**

06. একটি কণার একটি পূর্ণ কম্পনে দশা পার্থক্য কত? [KU: 2013-14]
 A. $\pi/2$ B. π C. 2π D. 0 **Ans B**

07. নিচের কোনটি আলোর ব্যতিচারের জন্য দরকার নেই? [KU: 2012-13]
 A. একাধিক তরঙ্গমুখ B. সুসঙ্গত আলো
 C. পথ পার্থক্য D. স্পন্দন সংখ্যার পার্থক্য **Ans D**

08. RADAR এ কোনটি ব্যবহৃত হয়? [KU: 2012-13]
 A. Ultraviolet rays B. Gamma rays
 C. Infrared rays D. Micro waves **Ans D**

09. মাইক্রোওভেনে ব্যবহৃত তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য কত? [KU: 2012-13]
 A. 10^{-1} m থেকে 10^5 m B. 10^{-7} m থেকে 10^{-9} m
 C. 10^{-1} m থেকে 10^{-15} m D. 10^{-1} m থেকে 10^{-3} m **Ans D**

10. নিচের কোন তরঙ্গ সমবর্তিত বা পোলারায়িত হয় না? [KU: 2011-12]
 A. রেডিও তরঙ্গ B. অবলোহিত তরঙ্গ
 C. এক্সরে D. শব্দ তরঙ্গ **Ans D**

11. নিচের কোন তরঙ্গ দৈর্ঘ্যের তড়িৎ চুম্বকীয় বিকিরণ দৃশ্যমান- [KU: 2011-12]
 A. 50nm B. 500 nm
 C. 1000 nm D. 5000 nm **Ans B**

12. কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সর্বাধিক? [KU: 2011-12]
 A. লাল B. বেগুনী
 C. নীল D. সবুজ **Ans A**

13. ক্ষমতাক্রমিক ব্যাতিচারের ক্ষেত্রে তরঙ্গদ্বয়ের পথ পার্থক্য- [KU: 09-10; IU: 15-16]
- A. λ এর তুগিতক B. λ এর অযুগ্ম তুগিতক
C. $\frac{\lambda}{2}$ এর তুগিতক D. $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম তুগিতক [Ans D]

14. অতি বেগী রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য হল- [KU: 07-08; IU: 12-13, 01-02]
- A. 4×10^{-7} m হতে 1×10^{-8} m B. 8×10^{-7} m হতে 4×10^{-7} m
C. 1×10^{-11} m হতে 10^{-15} m D. 1×10^{-8} m হতে 1×10^{-11} m [Ans A]

II কুমিল্লা বিশ্ববিদ্যালয় II

01. ইয়ং এর বি-চিড় পরীক্ষার চিত্রতলের দূরত্ব অর্ধেক এবং পর্দার দূরত্ব বিগুণ করা হলো জোরা শঙ্ক কী হবে? [CoU: 2019-20]
- A. বিগুণ হবে B. অর্ধেক হবে C. চারগুণ হবে D. অপরিবর্তিত থাকবে

[S@Why] জোরার শঙ্ক, $X = \frac{\lambda D}{2a}$

$\therefore X_2 = \frac{D_2 a_1}{D_1 a_2} \times X_1 = \frac{2D a}{D \frac{a}{2}} \times X_1 = 4X_1$

02. এককের সঠিক ক্রম কোনটি? [CoU: 2019-20]

- A. পারসেক > এ্যাংস্ট্রম > মেগামিটার > আলোক বছর
B. পারসেক > আলোক বছর > মেগামিটার > এ্যাংস্ট্রম
C. আলোক বছর > এ্যাংস্ট্রম > মেগামিটার > পারসেক
D. এ্যাংস্ট্রম > পারসেক > আলোক বছর > মেগামিটার

[S@Why] 1 পারসেক (pc) = 3.083×10^{13} km.
1 আলোক বছর = 9.42×10^{12} km
1 মেগামিটার = 10^6 m. 1 এ্যাংস্ট্রম = 10^{-10} m

03. $\epsilon_0 \mu_0$ এর একক নিচের কোনটির এককের সমান? [CoU: 2019-20]

- A. (velocity)² B. velocity
C. $\frac{1}{\text{velocity}}$ D. $\frac{1}{(\text{velocity})^2}$

[S@Why] শূন্যস্থানে তড়িৎচুম্বক তরঙ্গের বেগ,
 $C = \frac{1}{\sqrt{\mu_0 \epsilon_0}} \Rightarrow \mu_0 \epsilon_0 = \frac{1}{C^2} \therefore \epsilon_0 \mu_0$ এর একক = $\frac{1}{(\text{velocity})^2}$

04. তড়িৎ ভেদন যোগ্যতার একক কোনটি? [CoU: 2019-20]

- A. $C^2 N^{-1} m^{-2}$ B. $C^{-2} N^2 m^{-1}$
C. $C^{-2} m^3 C^{-2}$ D. $C^2 N^{-2} m^{-1}$ [Ans A]

05. 0.4mm ব্যবধান বিশিষ্ট চিড় হতে 1m দূরত্বে অবস্থিত পর্দার উপর ব্যাতিচার সজ্জা সৃষ্টি হলো। ব্যবহৃত আলোর তরঙ্গ দৈর্ঘ্য 5000Å হলে, পরপর দুটি উজ্জ্বল ও অন্ধকার পট্টের কেন্দ্রের মধ্যবর্তী দূরত্ব কত? [CoU: 2015-16]

- A. 1.52mm B. 1.40mm C. 1.25mm D. 2.15mm

[S@Why] $x_n = \frac{n\lambda D}{2d} = \frac{1 \times 5000 \times 10^{-10} \times 1}{0.4 \times 10^{-3}} = 1.25 \times 10^{-3} = 1.25 \text{ mm}$

06. আলোর কোন তত্ত্ব আলোক তড়িৎ জিন্মা সমর্থন করে? [CoU: 2015-16]

- A. কোয়ান্টাম তত্ত্ব B. কণা তত্ত্ব
C. তরঙ্গ তত্ত্ব D. তড়িৎ চুম্বকীয় তত্ত্ব [Ans A]

07. এক্সরে রশ্মির তরঙ্গদৈর্ঘ্য যদি 3Å হয়, তবে এর কম্পাঙ্ক- [CoU: 2014-15]

- A. 10^{15} Hz B. 10^{18} Hz C. 10^{10} Hz D. 10^{21} Hz

[S@Why] $c = n\lambda, n = \frac{3 \times 10^8}{3 \times 10^{-10}} = 1 \times 10^{18} \text{ Hz}$

08. যখন আলো একটি নতুন মাধ্যমে প্রবেশ করে এবং প্রতিসৃত হয় তখন আলোক তরঙ্গের কি পরিবর্তিত হয়? [CoU: 2013-14]

- A. বেগ B. দোলানকাল
C. কম্পাঙ্ক D. বর্ণ [Ans A]

09. একটি বেতার তরঙ্গের তরঙ্গ দৈর্ঘ্য 150m. এর কম্পাঙ্ক কত? [CoU: 2012-13]

- A. 2MHz B. 4MHz C. 20KHz D. 10KHz

[S@Why] $c = \nu \lambda$ বা, $\nu = \frac{c}{\lambda} = \frac{3 \times 10^8}{150} = 2 \text{ MHz}$

10. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\lambda/4$ হলে দশা পার্থক্য কত? [CoU: 12-13]

- A. $\lambda/8$ B. λ C. $\frac{\pi}{2}$ D. $\frac{\pi}{3}$

[S@Why] দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda}$ পথ পার্থক্য = $\frac{\pi}{\lambda} \frac{\lambda}{4} = \frac{\pi}{4}$

11. কোনটি তড়িৎ চৌম্বকীয় তরঙ্গ নয়? [CoU: 2012-13]

- A. অবলোহিত তরঙ্গ B. রেডিও তরঙ্গ
C. মাইক্রোওয়েভ তরঙ্গ D. শব্দ তরঙ্গ [Ans B]

12. সব চেয়ে ছোট তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরন কোনটি? [CoU: 2012-13]

- A. আলোক রশ্মি B. বিটা রশ্মি
C. গামা রশ্মি D. uv রশ্মি [Ans C]

II ইসলামী বিশ্ববিদ্যালয় II

01. একটি নিয়মিত সমতল গ্রেটিং 8×10^{-7} m তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট আলোর প্রধানতন্ত্র 30° অপবর্তন কোণ উৎপন্ন করে। গ্রেটিং এ প্রতি মিটারে রেখার সংখ্যা কত? [IU: 2019-20]

- A. 525000 m⁻¹ B. 625000 m⁻¹ C. 725000 m⁻¹ D. 825000 m⁻¹

[S@Why] $\frac{\sin \theta}{N} = n\lambda$

$\Rightarrow N = \frac{\sin \theta}{n\lambda} = \frac{\sin 30}{1 \times 8 \times 10^{-7}} = 625000 \text{ m}^{-1}$

02. বাতাসে সোডিয়াম আলোর তরঙ্গ দৈর্ঘ্য 5.89×10^{-7} m। যে কাঁচের প্রতিসরাঙ্ক 1.52 তাতে আলোর তরঙ্গ দৈর্ঘ্য কত? [IU: 16-17]

- A. 3.9×10^{-7} m B. 3.0×10^{-7} m C. 3.5×10^{-7} m D. 3.2×10^{-7} m

[S@Why] ${}_a \mu_g = \frac{\lambda_a}{\lambda_g} \therefore$ কাঁচে আলোর তরঙ্গ দৈর্ঘ্য,

$\lambda_g = \frac{\lambda_a}{{}_a \mu_g} = \frac{5.89 \times 10^{-7}}{1.52} \therefore \lambda_g = 3.9 \times 10^{-7} \text{ m}$

03. হাইগেন্স কত সালে আলোর তরঙ্গতত্ত্ব প্রদান করেন- [IU: 2016-17]

- A. 1675 B. 1678 C. 1680 D. 1682 [Ans B]

04. কোয়ান্টাম তত্ত্ব আবিষ্কার করেন-

[IU: 16-17; CU: 17-18; RU: 17-18; MBSTU: 15-16]

- A. আলবার্ট আইনস্টাইন B. স্যার আইজাক নিউটন
C. ম্যাক্স প্লাঙ্ক D. আর্নেস্ট রাদারফোর্ড [Ans C]

05. নিচের কোন শ্রেণীর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বড়? [IU: 2015-16]

- A. রেডিও তিভি তরঙ্গ B. অবলোহিত তরঙ্গ
C. দৃশ্যমান তরঙ্গ D. এক্স-রে [Ans A]

06. বস্তুর তরঙ্গ তত্ত্ব আবিষ্কার করেন-

[IU: 2015-16]

- A. ম্যাক্সওয়েল B. হাইজেনবার্গ
C. ডি-ব্রোগলী D. এইচ আর হার্টজ [Ans B]

07. তড়িৎ চুম্বকীয় তরঙ্গ-

[IU: 2015-16]

- A. শূন্য মাধ্যমে যেতে পারে B. ফোটন কণার সমষ্টি
C. ইথার মাধ্যমের প্রয়োজন হয় D. সবগুলো সত্যি [Ans A]

08. Visible Light এর Range of Wave Length-

[IU: 2013-14]

- A. 10^{-12} m এর কম B. 10^{-12} m হতে 10^{-9} m
C. 7×10^{-7} m হতে 10^{-3} m D. 4×10^{-7} m হতে 7×10^{-7} m [Ans D]

09. কোন তড়িৎ চুম্বকীয় বিকিরনের ভেদন ক্ষমতা সর্বাধিক? [IU: 2012-13]

- A. রেডিও তরঙ্গ B. গামা রশ্মি
C. সাইন তরঙ্গ D. X-রশ্মি [Ans B]

10. কোন বেতার তরঙ্গের $E_0 = 10^{-4} \text{ Vm}^{-1}$ হলে B_0 এর মান- [IU: 2012-13]

- A. $3.33 \times 10^{-13} \text{ Wb/m}^2$ B. $2.22 \times 10^{-13} \text{ Wb/m}^2$
C. $2.33 \times 10^{-13} \text{ Wb/m}^2$ D. $4.33 \times 10^{-13} \text{ Wb/m}^2$

[S@Why] $B_0 = \frac{E_0}{C} = \frac{10^{-4}}{3 \times 10^8} = 3.33 \times 10^{-13} \text{ wb/m}^2$

কোন অপবর্তন কোণে এর প্রতি সেকেন্ডমিটারে 6000 রেখা আছে। এর ভিতর দিয়ে 5896Å তরঙ্গ দৈর্ঘ্যের আলো ফেলালে দ্বিতীয় চরমের জন্য অপবর্তন কোণ কত? [IU: 2011-12]

- A. 30° B. 41°
C. 45.03° D. 21.2°

[S@Why] $\sin\theta = n\lambda = 2 \times 6000 \times 10^{-2} \times 5896 \times 10^{-10} = 0.70752$
 $\Rightarrow \theta = 45.03^\circ$

সর্ব প্রথম আলোরবেগ আবিষ্কার করেন-

- A. ফ্যারাডে B. ম্যাক্সওয়েল
C. গাউসিয়ান D. গ্যালিলিও

[Ans D]

কোন দৃশ্যমান আলোক বর্ণের তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম?

- A. সবুজ B. লাল
C. বেগুনী D. আকাশী

[Ans C]

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

অপটিক্যাল টেলিস্কোপ-এ কোন বস্তুর প্রতিবিম্ব হয়? [BRUR: 2019-20]

- A. অধিক বিবর্ধিত B. ছোটো C. বস্তুর সমান D. বিবর্ধিত

[S@Why] অপটিক্যাল টেলিস্কোপ-এ বস্তুর প্রতিবিম্ব বিবর্ধিত হয়।

নিম্নের কোন ঘটনাটি অনুপ্রস্থ তরঙ্গের বেলায় ঘটে কিন্তু অনুদৈর্ঘ্য তরঙ্গের বেলায় ঘটে না?

- A. সমবর্তন B. প্রতিফলন C. প্রতিসরণ D. উপরিপাতন

[S@Why]

তরঙ্গ	উদাহরণ
লম্বিক বা অনুদৈর্ঘ্য তরঙ্গ	শব্দ, সুর-শলাকার কম্পন, বাঁশির সুর, স্প্রিং এ সৃষ্ট তরঙ্গ প্রভৃতি।
আড় বা অনুপ্রস্থ তরঙ্গ	পানি তরঙ্গ, তাপ তরঙ্গ, বেতার তরঙ্গ, আলোক তরঙ্গ, তাড়িতচৌম্বক তরঙ্গ, এক্স-রে, টানা তারের তরঙ্গ প্রভৃতি।

3. যদি এলইডি আলোর তরঙ্গ দৈর্ঘ্য 4500×10^{-10} m হয়, তাহলে তা কোন বর্ণের আলো হবে? [BRUR: 2019-20]

- A. লাল B. সবুজ C. নীল D. হলুদ

[S@Why] দৃশ্যমান আলোর তরঙ্গ দৈর্ঘ্য $3.8 \times 10^{-7} - 7.8 \times 10^{-7}$ m

- বেগুনী : $3.8 \times 10^{-7} - 4.25 \times 10^{-7}$ m
নীল : $4.25 \times 10^{-7} - 4.45 \times 10^{-7}$ m
আসমানী : $4.45 \times 10^{-7} - 5 \times 10^{-7}$ m
সবুজ : $5 \times 10^{-7} - 5.75 \times 10^{-7}$ m
হলুদ : $5.75 \times 10^{-7} - 5.85 \times 10^{-7}$ m
কমলা : $5.85 \times 10^{-7} - 6.20 \times 10^{-7}$ m
লাল : $6.20 \times 10^{-7} - 7.8 \times 10^{-7}$ m

4. লেজার রশ্মির বৈশিষ্ট্য কোনটি?

[BRUR: 2019-20]

- A. একবর্ণী B. সুসংগত
C. তীব্র ভেদন ক্ষমতা সম্পন্ন D. সবগুলো

[S@Why] লেজার রশ্মির বৈশিষ্ট্য:

- একবর্ণী
- তীব্র ভেদন ক্ষমতা সম্পন্ন
- এ রশ্মি প্রায় নিখুঁতভাবে সমান্তরাল হয়।
- এ রশ্মি দশা সুসংগত।
- পানি দ্বারা এ রশ্মি শোষিত হয়না।

5. যখন কাচের মধ্যে দিয়ে বিভিন্ন বর্ণের আলো অতিক্রম করে, তন্মধ্যে কোন বর্ণের আলোর বেগ সবচেয়ে বেশি হবে? [BRUR: 2019-20]

- A. লাল B. নীল C. হলুদ D. বেগুনী

[S@Why] মাধ্যমে আলোর বেগ তরঙ্গদৈর্ঘ্যের সমানুপাতিক; $c \propto \lambda$

লাল আলোর বেগ তরঙ্গদৈর্ঘ্যের সব থেকে বেশী তাই বেগ ও বেশী হয়। কাঁচের মধ্যে লাল আলোর বেগ বেগুনী অপেক্ষা 1.8 গুন বেশী।

6. আলোর কোন ধর্ম অল্প পরিসর ছিদ্র (narrow slit) দ্বারা ব্যাখ্যা করা যায়-

[BRUR: 2015-16]

- A. সমবর্তন B. প্রতিফলন
C. ফ্রেনেল অপবর্তন D. ফ্রনহফার অপবর্তন

[Ans C]

07. গঠনমূলক ব্যাতিচারের শর্ত হল-

[BRUR: 2015-16]

- A. $x = \frac{n}{2\lambda}$ B. $x = (2n+1)\frac{\lambda}{2}$ C. $x = 2n\left(\frac{\lambda}{2}\right)$ D. $x = \frac{2n}{3\lambda}$ [Ans C]

08. 0.325 m ব্যবধানে অবস্থিত তরঙ্গের দুটি কণার মধ্যে দশা পার্থক্য 3.14 rad হলে, তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্য কত হবে? [BRUR: 2015-16]

- A. 0.325 m B. 3.25 m C. 0.65 m D. 6.5 m

[S@Why] দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য

বা, $\lambda = \frac{2\pi}{\text{দশা পার্থক্য}} \times \text{পথ পার্থক্য} = \frac{2\pi \times 0.325}{3.14} = 0.65$ m

09. কোনটি সুসংগত আলোর উৎস?

[BRUR: 2013-14]

- A. মোমবাতির আলো B. সূর্যের আলো
C. এলোমেলো ভাবে নিঃসৃত তড়িৎ-চুম্বকীয় তরঙ্গ D. লেজার রশ্মি [Ans D]

10. কেরোসিনের প্রতিসারাকে 1.44 এবং শূন্যে আলোর বেগ 3×10^8 m/s হলে কেরোসিনে আলোর বেগ কত? [BRUR: 2013-14]

- A. 2.08×10^8 m/s B. 3.08×10^8 m/s
C. 3.08×10^9 m/s D. 2.08×10^8 m/s

[S@Why] $v/c_k = \frac{c_0}{c_k}$ বা, $c_k = \frac{3 \times 10^8}{1.44} = 2.083 \times 10^8 \text{ ms}^{-1}$

11. 2I এবং 4I প্রাবল্যের দুটি তরঙ্গ ব্যতিচার তৈরী করে। গঠন মূলক ব্যতিচার তৈরী করলে প্রাবল্য হলো- [BRUR: 2012-13]

- A. 3 I B. 4 I C. 5 I D. 6 I

[S@Why] গঠন মূলক ব্যতিচারের জন্য প্রাবল্য = $2I + 4I = 6I$

12. দৃশ্যমান আলোর শক্তি পাল্লা হচ্ছে- [BRUR: 2012-13]

- A. 1.55eV – 3.10eV B. 1.0eV – 4.5eV
C. 3.10eV – 6.10eV D. 6.5eV – 10eV [Ans C]

13. আলোর কোন ধর্মের জন্য মানুষের দ্বারা পুরাপুরি অন্ধকার হয়না?

[BRUR: 2012-13]

- A. প্রতিফলন B. ব্যতিচার C. অপবর্তন D. সমবর্তন [Ans C]

14. নিম্নের কোন বিজ্ঞানী সর্বপ্রথম আলোর তরঙ্গ তথ্য প্রদান করেন?

[BRUR: 2012-13]

- A. হাইগেনস B. ইয়ং
C. ফ্রেনেল D. নিউটন [Ans A]

PART (B) ANALYSIS OF SCIENCE & TECHNOLOGY QUESTION

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. 6000Å তরঙ্গ দৈর্ঘ্যের দুটি আলোক তরঙ্গের মধ্যে পথ পার্থক্য $\Delta x = 3 \times 10^{-7}$ m হলে তাদের দশাপার্থক্য δ হবে- [SUST:2018-19]

- A. 2π B. $\frac{\pi}{2}$ C. π D. $\frac{3\pi}{2}$ E. $\frac{\pi}{3}$

[S@Why] $\delta = \frac{2\pi\Delta x}{\lambda} = \frac{2\pi \times 3 \times 10^{-7}}{6000 \times 10^{-10}} = \pi$

02. একটি স্বচ্ছ মাধ্যমের প্রতিসরাঙ্ক 1.43; অসমবর্তিত আলো θ কোণে মাধ্যমটির ওপর আপতিত হলে প্রতিফলিত আলো সম্পূর্ণ সমবর্তিত হয়। θ কোণের মান কত? [SUST: 2018-19]

- A. 57° B. 58° C. 53° D. 55° E. 56°

[S@Why] Brewster এর সূত্রমতে, কোনো স্বচ্ছ ডাই-ইলেক্ট্রিক পদার্থের উপর নির্দিষ্ট কোণে একটি অসমবর্তিত আলো আপতিত হলে, আলোটির কিছু অংশ প্রতিফলিত হয় এবং কিছু অংশ প্রতিসৃত হয়। প্রতিফলিত অংশ সম্পূর্ণ সমবর্তিত এবং প্রতিসৃত অংশ আংশিক সমবর্তিত হয় এবং ঐ নির্দিষ্ট কোণকে Brewster Angle (θ_B) বলে। ডাই-ইলেক্ট্রিক পদার্থটির 1ম মাধ্যমের সাপেক্ষে আপক্ষিক প্রতিসরণাঙ্ক μ হলে।

$\tan\theta_B = \mu \therefore \theta_B = \tan^{-1}(1.43) = 55.03^\circ$

প্রশ্ন	উত্তর	ব্যাখ্যা
13	B	$\sin \theta = Nn\lambda$ $\Rightarrow N = \frac{\sin 30^\circ}{2 \times 5 \times 10^{-7}} \text{ Line / m} = 500000 \text{ Line / m}$ $= 5000 \text{ Line / cm}$
14	A	$X = \frac{\lambda D}{a} = \frac{5.6 \times 10^{-7} \times 1}{0.2 \times 10^{-3}} = 2.8 \times 10^{-3} \text{ m} = 2.8 \text{ mm}$
15	C	$d \sin \theta = n\lambda \Rightarrow 12 \times 10^{-5} \times 10^{-2} \times \sin \theta = 1 \times 6000 \times 10^{-10}$ $\Rightarrow \sin \theta = \frac{1}{2}$ $\Rightarrow \theta = 30^\circ$ $\therefore \text{অর্ধকৌণিক বিস্তার} = \frac{\theta}{2} = \frac{30^\circ}{2} = 15^\circ$
16	B	
17	C	$\mu_g = \frac{C_g}{C_g}$ বা, $1.5 = \frac{3 \times 10^8}{C_g}$ বা, $C_g = \frac{3 \times 10^8}{1.5} = 2 \times 10^8 \text{ m/s} = 2 \times 10^5 \text{ km/s}$
18	A	$B = \frac{E}{c} = \frac{5}{3 \times 10^8} \text{ T}$ $E = 5 \text{ Vm}^{-1}$ $C = 3 \times 10^8 \text{ ms}^{-1}$
19	C	$x = \frac{\lambda D}{a}; x_1 = \frac{\lambda D_1}{a_1}$ $x_2 = \frac{\lambda D_2}{a_2} = \frac{\lambda D_2}{2a_1} [a_2 = 2a_1]$ সূত্রানু, $x_1 = x_2$ $\Rightarrow \frac{\lambda D_1}{a_1} = \frac{\lambda D_2}{2a_1} \Rightarrow D_2 = 2D_1 = 2D$
